নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৪০১

তারিখঃ ৩০ অগ্রহায়ণ ১৪৩২ / ১৫ ডিসেম্বর ২০২৫

# পরিপত্র-৩

**বিষয় : গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি এলাকা, ভোটকেন্দ্র স্থাপন ও ব্যবস্থাপনা, ভোটগ্রহণকারী কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত, নির্বাচনি কর্মকর্তা ও কর্মচারীদের জেলার বাইরে বদলির আদেশ স্থগিত সম্পর্কিত পরিপত্র জারি ইত্যাদি।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে, ত্রয়োদশ জাতীয় সংসদ ও গণভোট নির্বাচনের সময়সূচি জারি হওয়ার পরিপ্রেক্ষিতে নির্বাচন পরিচালনা সংক্রান্ত কতিপয় গুরুত্বপূর্ণ কার্যক্রম জরুরি ভিত্তিতে সম্পন্ন করতে হবে। পরিকল্পনা মাফিক কার্যক্রম গ্রহণের জন্য এ পরিপত্রে উল্লিখিত কাজগুলো অগ্রাধিকার ভিত্তিতে সম্পন্ন করতে হবে।

২। **নির্বাচনি এলাকা:** নির্বাচন কমিশন জাতীয় সংসদের ৩০০টি নির্বাচনি এলাকা পুনঃনির্ধারণ করে (সংশোধিত বিজ্ঞপ্তির মাধ্যমে) এ সংক্রান্ত প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ১১ ডিসেম্বর ২০২৫ তারিখে প্রকাশ করেছে। গেজেটে উল্লিখিত নির্বাচনি এলাকার ভিত্তিতে ভোটকেন্দ্র স্থাপন, ভোটার তালিকা ব্যবহার উপযোগিকরণ ও অন্যান্য ব্যবস্থা গ্রহণ করতে হবে **(সংলগ্নী-১)**।

৩। **ভোটকেন্দ্র স্থাপন:** ত্রয়োদশ জাতীয় সংসদ ও গণভোট নির্বাচনের জন্য নির্বাচন কমিশন কর্তৃক ধার্যকৃত সময়সূচি অনুসারে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৮ অনুচ্ছেদের বিধান বলে ভোটকেন্দ্র নির্ধারণ এবং ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা সরকারি গেজেটে প্রকাশ করার দায়িত্ব নির্বাচন কমিশনের উপর অর্পিত। রিটার্নিং অফিসার নির্বাচন কমিশন কর্তৃক চূড়ান্ত ভোটকেন্দ্রের তালিকা অনুযায়ী তাঁর নির্বাচনি এলাকার ভোটগ্রহণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করবেন।

৪। **ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্তকরণ:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৮ অনুচ্ছেদ এর দফা (১) অনুযায়ী নির্বাচন কমিশন প্রত্যেকটি নির্বাচনি এলাকার জন্য একজন সদস্য নির্বাচনের লক্ষ্যে, সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার কর্তৃক প্রস্তুতকৃত এবং কমিশন কর্তৃক অনুমোদিত ভোটকেন্দ্রসমূহের একটি তালিকা করার বিধান রয়েছে। উল্লিখিত বিধানের আলোকে জাতীয় সংসদ নির্বাচনের লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয় হতে ২৬ জুন ২০২৫ তারিখে জারিকৃত ১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৫-১৫২ নং স্মারকমূলে ভোটকেন্দ্র স্থাপন এবং ব্যবস্থাপনা নীতিমালা প্রণয়ন করা হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী প্রাথমিক তালিকা প্রেরণের জন্য নির্বাচন কমিশন সচিবালয় হতে জারিকৃত স্মারক নং-১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৫-৫১৫, তারিখ: ১৯ আগস্ট ২০২৫ এর মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছিল **(সংলগ্নী-২)**। উল্লিখিত নির্দেশনার আলোকে ২০ অক্টোবর ২০২৫ তারিখে জাতীয় সংসদের ৩০০টি নির্বাচনি এলাকায় ভোটকেন্দ্রের স্থাপনা/প্রতিষ্ঠান নির্বাচন করে তালিকা প্রস্তুত করা হয়েছে। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৮ অনুচ্ছেদের (২) দফার বিধান অনুসারে নির্বাচন কমিশন কর্তৃক ভোটগ্রহণের অন্যূন ২৫ দিন পূর্বে ভোটকেন্দ্রসমূহের তালিকা চূড়ান্ত করে সরকারি গেজেটে প্রকাশের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার প্রয়োজনীয় তথ্যাদিসহ তালিকা নির্বাচন কমিশনে প্রেরণ করবেন এবং এর কপি রিটার্নিং অফিসারকে সরবরাহ করবেন।

৫। **প্রার্থীর মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন কোন প্রাঙ্গনে কেন্দ্র স্থাপন না করা:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৮(৫) অনুচ্ছেদ অনুসারে কোনো প্রার্থীর মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন কোন প্রাঙ্গনে ভোটকেন্দ্র স্থাপন করা যাবে না। প্রার্থীতা চূড়ান্তকরণের পর যদি ইহা পরিলক্ষিত হয় যে গেজেটে প্রকাশিত কোনো ভোটকেন্দ্র কোনো প্রার্থীর মালিকানাধীন বা নিয়ন্ত্রনাধীন রয়েছে তাহলে কমিশন যে কোনো সময়ে তা পরিবর্তন করতে পারবে। এলক্ষ্যে রিটার্নিং অফিসারগণ উল্লিখিত বিষয়ে অবগত হলে তা নির্বাচন কমিশনকে অবহিত করবেন।

৬। **ভোটগ্রহণকারী কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৯ অনুসারে জাতীয় সংসদ নির্বাচনের জন্য প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার নিয়োগের উদ্দেশ্যে রিটার্নিং অফিসার কর্তৃক একটি প্যানেল প্রস্তুতের বিধান রয়েছে। এ লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয় হতে জারিকৃত স্মারক নং-১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-২৮৪, তারিখ: ০৯ জুলাই ২০২৫ এর মাধ্যমে ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত ও প্রশিক্ষণ কার্যক্রম তদারকি সংক্রান্তে একজন মাননীয় নির্বাচন কমিশনার এর নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়েছে **(সংলগ্নী-৩)**। গঠিত কমিটির সিদ্ধান্ত মোতাবেক নির্বাচন কমিশন সচিবালয় হতে স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.১৬.২৫-২১৩, তারিখ: ০১ সেপ্টেম্বর ২০২৫ এর মাধ্যমে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দায়িত্ব পালনের জন্য ভোটগ্রহণকারী কর্মকর্তার প্যানেল প্রস্তুতের নিমিত্ত সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারকে নির্দেশনা প্রদান করা হয় **(সংলগ্নী-৪)**। ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োগের জন্য যত

সংখ্যক কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষকের প্রয়োজন হবে তার চেয়ে শতকরা ১০ ভাগ বেশি সংখ্যক কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষককে প্যানেলভুক্ত করতে হবে। ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেলভুক্ত করার সময় বেসরকারী ব্যাংকে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নাম বাদ দিয়ে প্যানেল প্রস্তুতের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন। তবে, ভোটগ্রহণের জন্য পর্যাপ্ত সংখ্যক ভোটগ্রহণকারী কর্মকর্তা পাওয়া না গেলে বেসরকারী ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় যাচাই বাছাই করে নিয়োগের উদ্দেশ্যে প্যানেলভুক্ত করা যাবে **(সংলগ্নী-৫)**।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন পরিচালনা ম্যানুয়েলের চতুর্থ অধ্যায়ে বর্ণিত নির্দেশনা অনুসারে ভোটগ্রহণ কর্মকর্তার প্যানেল প্রস্তুত ও নিয়োগ করতে হবে। আগামী ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল চূড়ান্ত করে তাদের তথ্যাবলি PPMS সফট্ওয়ারে এন্ট্রি সম্পন্ন করতে হবে এবং এতদ্সংগে সংযুক্ত ছক **(সংলগ্নী-৬)** এর মাধ্যমে ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেলের সংখ্যাগত তথ্য নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, প্যানেলভুক্ত ভোটগ্রহণকারী কর্মকর্তাগণ পোস্টাল ব্যালটে ভোট দেয়ার নিমিত্ত Postal Vote BD Apps এর মাধ্যমে ২৫ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করবেন।

**০৭। পোস্টাল ব্যালট গ্রহণ ও সংরক্ষণের জন্য একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদানসহ গণনার জন্য প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার নিয়োগঃ** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৩৭ক (২) ও নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর বিধি ১২ এর উপবিধি (৪) এর দফা (ঙ) অনুসারে ডাক বিভাগ হতে প্রাপ্ত পোস্টাল ব্যালটসমূহ গ্রহণ, নথিভুক্তকরণ ও সংরক্ষণের জন্য রিটার্নিং অফিসার তাঁর কার্যালয়ে একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করবেন এবং পাশাপাশি তাঁর কার্যালয়ে আসনভিত্তিক পোস্টাল ভোট গণনার জন্য একজন প্রিজাইডিং অফিসার এবং প্রয়োজনীয় সংখ্যক পোলিং অফিসার নিয়োগ করিতে পারিবেন। নির্বাচনের দিন ভোটগ্রহণের জন্য নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার অব্যবহিত পর দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসারগণ পোস্টাল ভোটগণনা কার্যক্রম শুরু করবেন।

**০৮। নির্বাচনি কর্মকর্তা ও কর্মচারীদের জেলার বাহিরে বদলির আদেশ স্থগিতকরণ**: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৪৪ঙ অনুচ্ছেদের বিধান অনুসারে নির্বাচনি তফসিল ঘোষণার পর হতে নির্বাচনি ফলাফল ঘোষণার পরবর্তী ১৫ দিনের মধ্যে নির্বাচন কমিশনের সাথে পূর্বালোচনা ব্যতীত, নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দকে স্ব স্ব কর্মস্থল হতে বদলি না করার বিধান রয়েছেঃ

(ক) বিভাগীয় কমিশনার;

(খ) উপ-মহাপুলিশ পরিদর্শক;

(গ) মেট্রোপলিটন পুলিশ কমিশনার;

(ঘ) ডেপুটি কমিশনার;

(ঙ) সুপারিনটেন্ডেন্ট অব পুলিশ; বা

(চ) সংশ্লিষ্ট [বিভাগ, জেলা বা মেট্রোপলিটন এলাকায়] কর্মরত তাঁদের অধস্তন কর্মকর্তাকে কমিশনের সাথে পূর্বালোচনা ব্যতীত, বদলি করা যাবে না।

**০৯। নির্বাচনে দায়িত্বঃ** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৫ অনুচ্ছেদের (২) দফা অনুযায়ী নির্বাচন কমিশনকে দায়িত্ব পালনে সহায়তা করা সকল নির্বাহী কর্তৃপক্ষের আবশ্যকীয় কর্তব্য। নির্বাচনি সময়সূচি জারির পর নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩নং আইন) এর ৪(৩) ধারা অনুসারে নির্বাচনি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী স্বীয় চাকুরীর অতিরিক্ত দায়িত্ব হিসেবে নির্বাচন কমিশনের অধীনে প্রেষণে নিয়োজিত আছেন বলে বিবেচিত হবেন। উক্ত আইনের ৪(২) ধারা অনুযায়ী কোন ব্যক্তি নির্বাচন কর্মকর্তা নিযুক্ত হলে তার নিয়োগকারী কর্তৃপক্ষ তাকে নির্বাচন কর্মকর্তা হিসেবে কোন দায়িত্ব পালনের ব্যাপারে বাধা দিতে পারবেন না বা বিরত রাখতে পারবেন না। এমতাবস্থায়, জাতীয় সংসদের সাধারণ নির্বাচন ও গণভোটের সময়সূচি জারির তারিখ বা উক্ত তারিখের পর আদেশের ৪৪ঙ অনুচ্ছেদে উল্লেখিত কোন কর্মকর্তাকে নির্বাচন কমিশনের সাথে পূর্বালোচনা ব্যতিরেকে এবং প্যানেলভুক্ত কোন কর্মকর্তা/কর্মচারীকে রিটার্নিং অফিসারের পূর্বানুমোদন ব্যতীত নির্বাচন সমাপ্ত না হওয়া পর্যন্ত বদলি করা যাবে না। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৪৪ঙ(১) অনুচ্ছেদে উল্লিখিত সকল ব্যক্তি রিটার্নিং অফিসারকে, প্রয়োজন অনুসারে, নির্বাচনের উদ্দেশ্যে সকল প্রকার সাহায্য ও সহায়তা প্রদান করবেন।

**১০।** পরিপত্রটির প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

১৫.১২.২৫

( মোহাম্মদ মনির হোসেন )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

**বিতরণঃ**

১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার

২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ও রিটার্নিং অফিসার

৩। জেলা প্রশাসক, (সকল) ও রিটার্নিং অফিসার

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৪০১

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪৩২
১৫ ডিসেম্বর ২০২৫

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, ............................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, আপন বিভাগ/জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ............................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্টগার্ড/এনটিএমসি/ডিজিএফআই/এনএসআই, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
১০. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. বিভাগীয় কমিশনার (সকল)
১৩. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল)
১৪. উপমহাপুলিশ পরিদর্শক, (সকল রেঞ্জ)
১৫. প্রকল্প পরিচালক, আইডিইএ (২য় পর্যায়) প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
১৮. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল)
২০. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
২১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
২২. পুলিশ সুপার, (সকল)
২৩. উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
২৪. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, (সকল)
২৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার অনুরোধসহ]
২৬. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ..........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, .........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৮. .................................................... সহকারী রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, (সকল)
৩০. জেলা তথ্য অফিসার, (সকল)
৩১. উপজেলা নির্বাহী অফিসার, (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
৩২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩৬. উপজেলা/থানা নির্বাচন অফিসার,......................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩৭. উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল)
৩৮. অফিসার ইন-চার্জ, (সকল)।

১৫/১২/২০২৫
(মোঃ শহিদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

- সংলগ্নী-১

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১১, ২০২৫

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

**সংশোধিত বিজ্ঞপ্তি**

তারিখ: ১১ ডিসেম্বর ২০২৫ /২৬ অগ্রহায়ণ ১৪৩২

নং **১৭.০০.০০০০.০২৫.২২.০৯০.২৪-৮৭৫।**—নির্বাচন কমিশন কর্তৃক জাতীয় সংসদের নির্বাচনি এলাকার সীমানা নির্ধারণ আইন, ২০২১ এর ধারা ৬ এবং ধারা ৮ এর অধীন জাতীয় সংসদের পুনঃনির্ধারিত নির্বাচনি এলাকাসমূহের প্রাথমিক তালিকা প্রজ্ঞাপন নম্বর-১৭.০০.০০০০.০২৫.২২.০৯০.২৪-৩৪১, তারিখ ৩০ জুলাই ২০২৫ / ১৫ শ্রাবণ ১৪৩২ মূলে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয় এবং উক্ত বিজ্ঞপ্তির অনুচ্ছেদ ৩ এর অধীন পুনঃনির্ধারিত নির্বাচনি এলাকার বিষয়ে দাবি/ আপত্তি/সুপারিশ/ মতামত আহবান করা হয়; এবং

যেহেতু, নির্বাচন কমিশন সচিবালয় প্রজ্ঞাপন নম্বর- ১৭.০০.০০০০.০২৫.২২.০৯০.২৪-৩৪১; তারিখ ৩০ জুলাই ২০২৫/১৫ শ্রাবণ ১৪৩২ এবং প্রজ্ঞাপন নম্বর- ১৭.০০.০০০০.০২৫.২২.০৯০.২৪-৫১০; তারিখ ১৮ আগস্ট ২০২৫/০৩ ভাদ্র ১৪৩২ মূলে নির্ধারিত সময়সূচি মোতাবেক প্রাপ্ত দাবি/আপত্তি/সুপারিশ/মতামত এর উপর কমিশন কর্তৃক প্রকাশ্য শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, নির্বাচন কমিশন উক্ত আইনের ধারা ৬ এর উপ-ধারা (৪) অনুযায়ী দাবী/আপত্তি/সুপারিশ/মতামত সম্বলিত দরখাস্তসমূহের তথ্যাবলি পর্যালোচনা এবং শুনানিকালে উপস্থাপিত তথ্য ও যুক্তিতর্ক বিবেচনান্তে প্রাথমিক তালিকায় প্রকাশিত নির্বাচনি এলাকার প্রয়োজনীয় সংশোধন করতঃ জাতীয় সংসদের পুনঃনির্ধারিত নির্বাচনি এলাকাসমূহের চূড়ান্ত তালিকা নম্বর-১৭.০০.০০০০.০২৫.২২.০৯০.২৪-৬৫৪; তারিখ ০৪ সেপ্টেম্বর ২০২৫/২০ ভাদ্র ১৪৩২ মূলে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করা হয়; এবং



মূল্য : টাকা ২৪.০০

যেহেতু, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নম্বর-১৫৫৩৭/২০২৫ এবং Civil Petition For Leave To Appeal No. 4676 of 2025 -এ নির্বাচনি এলাকা সংশোধনের বিষয়ে ০১ জুন ২০২৩ তারিখ প্রকাশিত গেজেটের বাগেরহাট জেলার অন্তর্গত ৯৫ নম্বর ক্রমিক হতে ৯৮ নম্বর ক্রমিক এবং গাজীপুর জেলার অন্তর্গত ১৯৪ নম্বর ক্রমিক হতে ১৯৮ নম্বর ক্রমিক পর্যন্ত নির্বাচনি এলাকার সীমানা অক্ষুণ্ণ রাখার রায় ও আদেশ প্রদান করা হইয়াছে;

সেইহেতু, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নম্বর-১৫৫৩৭/২০২৫ এ প্রদত্ত রায় ও আদেশ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর মাননীয় আপীল বিভাগের Civil Petition For Leave To Appeal No. 4676 of 2025 এ প্রদত্ত রায় ও আদেশ অনুসরণে নির্বাচনি এলাকাসমূহ নির্ধারণ সংক্রান্তে নির্বাচন কমিশন সচিবালয়ের প্রজ্ঞাপন নম্বর- ১৭.০০.০০০০.০২৫.২২.০৯০.২৪-৬৫৪; তারিখ: ০৪ সেপ্টেম্বর ২০২৫/ ২০ ভাদ্র ১৪৩২ আংশিক সংশোধনক্রমে বাগেরহাট জেলায় ০১ (এক) টি আসন বৃদ্ধি এবং গাজীপুর জেলা হতে ০১ (এক) টি আসন হ্রাস করত: জাতীয় সংসদের ৩০০ (তিনশত) আসনের পুনঃনির্ধারিত সীমানার সংশোধিত তালিকা প্রকাশ করা হইল।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**আখতার আহমেদ**
সিনিয়র সচিব।

**জাতীয় সংসদের পুনঃনির্ধারিত নির্বাচনি এলাকার (সংশোধিত) চূড়ান্ত তালিকা-২০২৫**

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ১ পঞ্চগড়-১ | (ক) পঞ্চগড় সদর উপজেলা,<br>(খ) তেতুলিয়া উপজেলা এবং<br>(গ) আটোয়ারী উপজেলা [বোদা পৌরসভার অংশ বাদে] |
| ২ পঞ্চগড়-২ | (ক) বোদা উপজেলার ইউনিয়নসমূহ<br>(খ) বোদা পৌরসভা এবং<br>(গ) দেবীগঞ্জ উপজেলা |
| ৩ ঠাকুরগাঁও-১ | ঠাকুরগাঁও সদর উপজেলা |
| ৪ ঠাকুরগাঁও-২ | (ক) বালিয়াডাংগী উপজেলা,<br>(খ) হরিপুর উপজেলা এবং<br>(গ) রাণীশংকৈল উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ :-<br>(১) ধর্মগড় ও (২) কাশিপুর |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ৫ ঠাকুরগাঁও-৩ | (ক) পীরগঞ্জ উপজেলা এবং<br>(খ) নিম্নলিখিত ইউনিয়নসমূহ ব্যতীত রাণীশংকৈল উপজেলা :- (১) ধর্মগড় ও (২) কাশিপুর |
| ৬ দিনাজপুর-১ | (ক) বীরগঞ্জ উপজেলা এবং<br>(খ) কাহারোল উপজেলা |
| ৭ দিনাজপুর-২ | (ক) বোচাগঞ্জ উপজেলা এবং<br>(খ) বিরল উপজেলা |
| ৮ দিনাজপুর-৩ | দিনাজপুর সদর উপজেলা |
| ৯ দিনাজপুর-৪ | (ক) খানসামা উপজেলা এবং<br>(খ) চিরিরবন্দর উপজেলা |
| ১০ দিনাজপুর-৫ | (ক) পার্বতীপুর উপজেলা এবং<br>(খ) ফুলবাড়ী উপজেলা |
| ১১ দিনাজপুর-৬ | (ক) নবাবগঞ্জ উপজেলা<br>(খ) বিরামপুর উপজেলা<br>(গ) হাকিমপুর উপজেলা এবং<br>(ঘ) ঘোড়াঘাট উপজেলা |
| ১২ নীলফামারী-১ | (ক) ডোমার উপজেলা এবং<br>(খ) ডিমলা উপজেলা |
| ১৩ নীলফামারী-২ | নীলফামারী সদর উপজেলা |
| ১৪ নীলফামারী-৩ | জলঢাকা উপজেলা |
| ১৫ নীলফামারী-৪ | (ক) সৈয়দপুর উপজেলা এবং<br>(খ) কিশোরগঞ্জ উপজেলা |
| ১৬ লালমনিরহাট-১ | (ক) পাটগ্রাম উপজেলা এবং<br>(খ) হাতীবান্ধা উপজেলা |
| ১৭ লালমনিরহাট-২ | (ক) কালীগঞ্জ উপজেলা এবং<br>(খ) আদিতমারী উপজেলা |
| ১৮ লালমনিরহাট-৩ | লালমনিরহাট সদর উপজেলা |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ১৯ রংপুর-১ | (ক) গংগাচড়া উপজেলা এবং<br>(খ) রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর- ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ |
| ২০ রংপুর-২ | (ক) তারাগঞ্জ উপজেলা এবং<br>(খ) বদরগঞ্জ উপজেলা |
| ২১ রংপুর-৩ | (ক) রংপুর সদর উপজেলা,<br>(খ) রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর- ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ ব্যতীত রংপুর সিটি কর্পোরেশন এবং (গ) রংপুর সেনানিবাস এলাকা |
| ২২ রংপুর-৪ | (ক) পীরগাছা উপজেলা এবং<br>(খ) কাউনিয়া উপজেলা |
| ২৩ রংপুর-৫ | মিঠাপুকুর উপজেলা |
| ২৪ রংপুর-৬ | পীরগঞ্জ উপজেলা |
| ২৫ কুড়িগ্রাম-১ | (ক) ভুরুঙ্গামারী উপজেলা এবং<br>(খ) নাগেশ্বরী উপজেলা |
| ২৬ কুড়িগ্রাম-২ | (ক) কুড়িগ্রাম সদর উপজেলা<br>(খ) রাজারহাট উপজেলা এবং<br>(গ) ফুলবাড়ী উপজেলা |
| ২৭ কুড়িগ্রাম-৩ | উলিপুর উপজেলা |
| ২৮ কুড়িগ্রাম-৪ | (ক) রৌমারী উপজেলা<br>(খ) চর রাজিবপুর উপজেলা এবং<br>(গ) চিলমারী উপজেলা |
| ২৯ গাইবান্ধা-১ | সুন্দরগঞ্জ উপজেলা |
| ৩০ গাইবান্ধা-২ | গাইবান্ধা সদর উপজেলা |
| ৩১ গাইবান্ধা-৩ | (ক) সাদুল্যাপুর উপজেলা এবং<br>(খ) পলাশবাড়ী উপজেলা |
| ৩২ গাইবান্ধা-৪ | গোবিন্দগঞ্জ উপজেলা |
| ৩৩ গাইবান্ধা-৫ | (ক) ফুলছড়ি উপজেলা এবং<br>(খ) সাঘাটা উপজেলা |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ৩৪ জয়পুরহাট-১ | (ক) জয়পুরহাট সদর উপজেলা এবং<br>(খ) পাঁচবিবি উপজেলা |
| ৩৫ জয়পুরহাট-২ | (ক) আক্কেলপুর উপজেলা<br>(খ) ক্ষেতলাল উপজেলা এবং<br>(গ) কালাই উপজেলা |
| ৩৬ বগুড়া-১ | (ক) সারিয়াকান্দি উপজেলা এবং<br>(খ) সোনাতলা উপজেলা |
| ৩৭ বগুড়া-২ | শিবগঞ্জ উপজেলা |
| ৩৮ বগুড়া-৩ | (ক) আদমদীঘি উপজেলা এবং<br>(খ) দুপচাঁচিয়া উপজেলা |
| ৩৯ বগুড়া-৪ | (ক) কাহালু উপজেলা এবং<br>(খ) নন্দীগ্রাম উপজেলা |
| ৪০ বগুড়া-৫ | (ক) শেরপুর উপজেলা এবং<br>(খ) ধুনট উপজেলা |
| ৪১ বগুড়া-৬ | বগুড়া সদর উপজেলা |
| ৪২ বগুড়া-৭ | (ক) গাবতলী উপজেলা এবং<br>(খ) শাজাহানপুর উপজেলা |
| ৪৩ চাঁপাইনবাবগঞ্জ-১ | শিবগঞ্জ উপজেলা |
| ৪৪ চাঁপাইনবাবগঞ্জ-২ | (ক) ভোলাহাট উপজেলা<br>(খ) গোমস্তাপুর উপজেলা এবং<br>(গ) নাচোল উপজেলা |
| ৪৫ চাঁপাইনবাবগঞ্জ-৩ | চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা |
| ৪৬ নওগাঁ-১ | (ক) পোরশা উপজেলা<br>(খ) সাপাহার উপজেলা এবং<br>(গ) নিয়ামতপুর উপজেলা |
| ৪৭ নওগাঁ-২ | (ক) পত্নীতলা উপজেলা এবং<br>(খ) ধামইরহাট উপজেলা |
| ৪৮ নওগাঁ-৩ | (ক) বদলগাছী উপজেলা এবং<br>(খ) মহাদেবপুর উপজেলা |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ৪৯ নওগাঁ-৪ | মান্দা উপজেলা |
| ৫০ নওগাঁ-৫ | নওগাঁ সদর উপজেলা |
| ৫১ নওগাঁ-৬ | (ক) রাণীনগর উপজেলা এবং<br>(খ) আত্রাই উপজেলা |
| ৫২ রাজশাহী-১ | (ক) গোদাগাড়ী উপজেলা এবং<br>(খ) তানোর উপজেলা |
| ৫৩ রাজশাহী-২ | রাজশাহী সিটি কর্পোরেশনভুক্ত এলাকা |
| ৫৪ রাজশাহী-৩ | (ক) পবা উপজেলা এবং<br>(খ) মোহনপুর উপজেলা |
| ৫৫ রাজশাহী-৪ | বাগমারা উপজেলা |
| ৫৬ রাজশাহী-৫ | (ক) দুর্গাপুর উপজেলা এবং<br>(খ) পুঠিয়া উপজেলা |
| ৫৭ রাজশাহী-৬ | (ক) চারঘাট উপজেলা এবং<br>(খ) বাঘা উপজেলা |
| ৫৮ নাটোর-১ | (ক) লালপুর উপজেলা এবং<br>(খ) বাগাতিপাড়া উপজেলা |
| ৫৯ নাটোর-২ | (ক) নাটোর সদর উপজেলা এবং<br>(খ) নলডাঙ্গা উপজেলা |
| ৬০ নাটোর-৩ | সিংড়া উপজেলা |
| ৬১ নাটোর-৪ | (ক) গুরুদাসপুর উপজেলা এবং<br>(খ) বড়াইগ্রাম উপজেলা |
| ৬২ সিরাজগঞ্জ-১ | (ক) কাজিপুর উপজেলা এবং<br>(খ) সিরাজগঞ্জ সদর উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ :-<br>(১) মেছড়া (২) রতনকান্দি (৩) বাগবাটি ও (৪) ছোনগাছা ইউনিয়ন |
| ৬৩ সিরাজগঞ্জ-২ | (ক) সিরাজগঞ্জ সদর উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ :-<br>(১) বহুলী (২) শিয়ালকোল (৩) খোকশাবাড়ী (৪) কাওয়াকোলা<br>(৫) কালিয়াহরিপুর ও (৬) সয়দাবাদ ইউনিয়ন<br>(খ) সিরাজগঞ্জ পৌরসভা এবং<br>(গ) কামারখন্দ উপজেলা |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ৬৪ সিরাজগঞ্জ-৩ | (ক) রায়গঞ্জ উপজেলা এবং<br>(খ) তাড়াশ উপজেলা |
| ৬৫ সিরাজগঞ্জ-৪ | উল্লাপাড়া উপজেলা |
| ৬৬ সিরাজগঞ্জ-৫ | (ক) বেলকুচি উপজেলা এবং<br>(খ) চৌহালী উপজেলা |
| ৬৭ সিরাজগঞ্জ-৬ | শাহজাদপুর উপজেলা |
| ৬৮ পাবনা-১ | সাঁথিয়া উপজেলা |
| ৬৯ পাবনা-২ | (ক) সুজানগর উপজেলা এবং<br>(খ) বেড়া উপজেলা |
| ৭০ পাবনা-৩ | (ক) চাটমোহর উপজেলা<br>(খ) ভাঙ্গুরা উপজেলা এবং<br>(গ) ফরিদপুর উপজেলা |
| ৭১ পাবনা-৪ | (ক) আটঘরিয়া উপজেলা এবং<br>(খ) ঈশ্বরদী উপজেলা |
| ৭২ পাবনা-৫ | পাবনা সদর উপজেলা |
| ৭৩ মেহেরপুর-১ | (ক) মেহেরপুর সদর উপজেলা এবং<br>(খ) মুজিবনগর উপজেলা |
| ৭৪ মেহেরপুর-২ | গাংনী উপজেলা |
| ৭৫ কুষ্টিয়া-১ | দৌলতপুর উপজেলা |
| ৭৬ কুষ্টিয়া-২ | (ক) ভেড়ামারা উপজেলা এবং<br>(খ) মিরপুর উপজেলা |
| ৭৭ কুষ্টিয়া-৩ | কুষ্টিয়া সদর উপজেলা |
| ৭৮ কুষ্টিয়া-৪ | (ক) কুমারখালী উপজেলা এবং<br>(খ) খোকশা উপজেলা |
| ৭৯ চুয়াডাঙ্গা-১ | (ক) আলমডাঙ্গা উপজেলা এবং<br>(খ) নিম্নলিখিত ইউনিয়নসমূহ ব্যতীত চুয়াডাঙ্গা সদর উপজেলা :<br>(১) তিতুদহ (২) বেগমপুর (৩) নেহালপুর ও (৪) গড়াইটুপি |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ৮০ চুয়াডাঙ্গা-২ | (ক) দামুড়হুদা উপজেলা<br>(খ) জীবননগর উপজেলা এবং<br>(গ) চুয়াডাঙ্গা সদর উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহঃ (১) তিতুদহ (২) বেগমপুর (৩) নেহালপুর ও (৪) গড়াইটুপি ইউনিয়ন |
| ৮১ ঝিনাইদহ-১ | শৈলকূপা উপজেলা |
| ৮২ ঝিনাইদহ-২ | (ক) নিম্নলিখিত ইউনিয়নসমূহ ব্যতীত ঝিনাইদহ সদর উপজেলা :<br>(১) নলডাঙ্গা (২) ঘোড়শাল (৩) ফুরসন্দি ও (৪) মহারাজপুর ইউনিয়ন এবং<br>(খ) হরিণাকুণ্ডু উপজেলা |
| ৮৩ ঝিনাইদহ-৩ | (ক) কোটচাঁদপুর উপজেলা এবং<br>(খ) মহেশপুর উপজেলা |
| ৮৪ ঝিনাইদহ-৪ | (ক) কালীগঞ্জ উপজেলা এবং<br>(খ) ঝিনাইদহ সদর উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ :<br>(১) নলডাঙ্গা (২) ঘোড়শাল (৩) ফুরসন্দি ও (৪) মহারাজপুর ইউনিয়ন |
| ৮৫ যশোর-১ | শার্শা উপজেলা |
| ৮৬ যশোর-২ | (ক) চৌগাছা উপজেলা এবং<br>(খ) ঝিকরগাছা উপজেলা |
| ৮৭ যশোর-৩ | বসুন্দিয়া ইউনিয়ন ব্যতীত যশোর সদর উপজেলা |
| ৮৮ যশোর-৪ | (ক) বাঘারপাড়া উপজেলা<br>(খ) অভয়নগর উপজেলা এবং<br>(গ) যশোর সদর উপজেলার বসুন্দিয়া ইউনিয়ন |
| ৮৯ যশোর-৫ | মনিরামপুর উপজেলা |
| ৯০ যশোর-৬ | কেশবপুর উপজেলা |
| ৯১ মাগুরা-১ | (ক) শ্রীপুর উপজেলা এবং<br>(খ) নিম্নলিখিত ইউনিয়নসমূহ ব্যতীত মাগুরা সদর উপজেলা :-<br>(১) শত্রুজিৎপুর (২) গোপালগ্রাম (৩) কুচিয়ামোড়া ও (৪) বেরইল পলিতা ইউনিয়ন |
| ৯২ মাগুরা-২ | (ক) মহম্মদপুর উপজেলা<br>(খ) শালিখা উপজেলা এবং<br>(গ) মাগুরা সদর উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ :<br>(১) শত্রুজিৎপুর (২) গোপালগ্রাম (৩) কুচিয়ামোড়া ও (৪) বেরইল পলিতা ইউনিয়ন |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ৯৩ নড়াইল-১ | (ক) কালিয়া উপজেলা এবং<br>(খ) নড়াইল সদর উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ :<br>(১) কলোড়া (২) বিছালি (৩) ভদ্রবিলা (৪) সিঙ্গাশোলপুর ও (৫) শেখহাটি ইউনিয়ন |
| ৯৪ নড়াইল-২ | (ক) লোহাগড়া উপজেলা এবং<br>(খ) নিম্নলিখিত ইউনিয়নসমূহ ব্যতীত নড়াইল সদর উপজেলা :<br>(১) কলোড়া (২) বিছালী (৩) ভদ্রবিলা (৪) সিঙ্গাশোলপুর ও (৫) শেখহাটি ইউনিয়ন |
| ৯৫ বাগেরহাট-১ | (ক) ফকিরহাট উপজেলা<br>(খ) মোল্লাহাট উপজেলা এবং<br>(গ) চিতলমারী উপজেলা |
| ৯৬ বাগেরহাট-২ | (ক) বাগেরহাট সদর উপজেলা এবং<br>(খ) কচুয়া উপজেলা |
| ৯৭ বাগেরহাট-৩ | (ক) রামপাল উপজেলা এবং<br>(গ) মোংলা উপজেলা |
| ৯৮ বাগেরহাট-৪ | (খ) মোড়েলগঞ্জ উপজেলা এবং<br>(গ) শরণখোলা উপজেলা |
| ৯৯ খুলনা-১ | (ক) বটিয়াঘাটা উপজেলা এবং<br>(খ) দাকোপ উপজেলা |
| ১০০ খুলনা-২ | খুলনা সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর- ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০ এবং ৩১ |
| ১০১ খুলনা-৩ | (ক) খুলনা সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর- ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪ এবং ১৫<br>(খ) দিঘলিয়া উপজেলার আড়ংঘাটা ও যোগীপোল ইউনিয়ন |
| ১০২ খুলনা-৪ | (ক) আড়ংঘাটা ও যোগীপোল ইউনিয়ন ব্যতীত দিঘলিয়া উপজেলা<br>(খ) রূপসা উপজেলা এবং<br>(গ) তেরখাদা উপজেলা |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ১০৩ খুলনা-৫ | (ক) ফুলতলা উপজেলা<br>(খ) ডুমুরিয়া উপজেলা এবং<br>(গ) গিলাতলা ক্যান্টনমেন্ট এলাকা |
| ১০৪ খুলনা-৬ | (ক) কয়রা উপজেলা এবং<br>(খ) পাইকগাছা উপজেলা |
| ১০৫ সাতক্ষীরা-১ | (ক) কলারোয়া উপজেলা এবং<br>(খ) তালা উপজেলা |
| ১০৬ সাতক্ষীরা-২ | (ক) সাতক্ষীরা সদর উপজেলা এবং<br>(খ) দেবহাটা উপজেলা |
| ১০৭ সাতক্ষীরা-৩ | (ক) কালিগঞ্জ উপজেলা এবং<br>(খ) আশাশুনি উপজেলা |
| ১০৮ সাতক্ষীরা-৪ | শ্যামনগর উপজেলা |
| ১০৯ বরগুনা-১ | (ক) বরগুনা সদর উপজেলা<br>(খ) আমতলী উপজেলা এবং<br>(গ) তালতলি উপজেলা |
| ১১০ বরগুনা-২ | (ক) বামনা উপজেলা<br>(খ) পাথরঘাটা উপজেলা এবং<br>(গ) বেতাগী উপজেলা |
| ১১১ পটুয়াখালী-১ | (ক) পটুয়াখালী সদর উপজেলা<br>(খ) মির্জাগঞ্জ উপজেলা এবং<br>(গ) দুমকি উপজেলা |
| ১১২ পটুয়াখালী-২ | বাউফল উপজেলা |
| ১১৩ পটুয়াখালী-৩ | (ক) দশমিনা উপজেলা এবং<br>(খ) গলাচিপা উপজেলা |
| ১১৪ পটুয়াখালী-৪ | (ক) কলাপাড়া উপজেলা এবং<br>(খ) রাঙ্গাবালী উপজেলা |
| ১১৫ ভোলা-১ | ভোলা সদর উপজেলা |
| ১১৬ ভোলা-২ | (ক) দৌলতখান উপজেলা এবং<br>(খ) বোরহানউদ্দিন উপজেলা |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ১১৭ ভোলা-৩ | (ক) তজুমদ্দিন উপজেলা এবং<br>(খ) লালমোহন উপজেলা |
| ১১৮ ভোলা-৪ | (ক) মনপুরা উপজেলা এবং<br>(খ) চরফ্যাশন উপজেলা |
| ১১৯ বরিশাল-১ | (ক) গৌরনদী উপজেলা এবং<br>(খ) আগৈলঝাড়া উপজেলা |
| ১২০ বরিশাল-২ | (ক) উজিরপুর উপজেলা এবং<br>(খ) বানারীপাড়া উপজেলা |
| ১২১ বরিশাল-৩ | (ক) মুলাদী উপজেলা এবং<br>(খ) বাবুগঞ্জ উপজেলা |
| ১২২ বরিশাল-৪ | (ক) মেহেন্দিগঞ্জ উপজেলা এবং<br>(খ) হিজলা উপজেলা |
| ১২৩ বরিশাল-৫ | (ক) বরিশাল সিটি কর্পোরেশনভুক্ত এলাকা এবং<br>(খ) বরিশাল সদর উপজেলা |
| ১২৪ বরিশাল-৬ | বাকেরগঞ্জ উপজেলা |
| ১২৫ ঝালকাঠি-১ | (ক) রাজাপুর উপজেলা এবং<br>(খ) কাঁঠালিয়া উপজেলা |
| ১২৬ ঝালকাঠি-২ | (ক) ঝালকাঠি সদর উপজেলা এবং<br>(খ) নলছিটি উপজেলা |
| ১২৭ পিরোজপুর-১ | (ক) পিরোজপুর সদর উপজেলা<br>(খ) নাজিরপুর উপজেলা এবং<br>(গ) ইন্দুরকানী উপজেলা |
| ১২৮ পিরোজপুর-২ | (ক) কাউখালী উপজেলা<br>(খ) ভান্ডারিয়া উপজেলা এবং<br>(গ) নেছারাবাদ উপজেলা |
| ১২৯ পিরোজপুর-৩ | মঠবাড়ীয়া উপজেলা |
| ১৩০ টাঙ্গাইল-১ | (ক) মধুপুর উপজেলা এবং<br>(খ) ধনবাড়ী উপজেলা |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ১৩১ টাঙ্গাইল-২ | (ক) গোপালপুর উপজেলা এবং<br>(খ) ভূঞাপুর উপজেলা |
| ১৩২ টাঙ্গাইল-৩ | ঘাটাইল উপজেলা |
| ১৩৩ টাঙ্গাইল-৪ | কালিহাতী উপজেলা |
| ১৩৪ টাঙ্গাইল-৫ | টাঙ্গাইল সদর উপজেলা |
| ১৩৫ টাঙ্গাইল-৬ | (ক) দেলদুয়ার উপজেলা এবং<br>(খ) নাগরপুর উপজেলা |
| ১৩৬ টাঙ্গাইল-৭ | মির্জাপুর উপজেলা |
| ১৩৭ টাঙ্গাইল-৮ | (ক) বাসাইল উপজেলা এবং<br>(খ) সখিপুর উপজেলা |
| ১৩৮ জামালপুর-১ | (ক) বকশীগঞ্জ উপজেলা এবং<br>(খ) দেওয়ানগঞ্জ উপজেলা |
| ১৩৯ জামালপুর-২ | ইসলামপুর উপজেলা |
| ১৪০ জামালপুর-৩ | (ক) মাদারগঞ্জ উপজেলা এবং<br>(খ) মেলান্দহ উপজেলা |
| ১৪১ জামালপুর-৪ | সরিষাবাড়ী উপজেলা |
| ১৪২ জামালপুর-৫ | জামালপুর সদর উপজেলা |
| ১৪৩ শেরপুর-১ | শেরপুর সদর উপজেলা |
| ১৪৪ শেরপুর-২ | (ক) নকলা উপজেলা এবং<br>(খ) নালিতাবাড়ী উপজেলা |
| ১৪৫ শেরপুর-৩ | (ক) শ্রীবরদী উপজেলা এবং<br>(খ) ঝিনাইগাতী উপজেলা |
| ১৪৬ ময়মনসিংহ-১ | (ক) হালুয়াঘাট উপজেলা এবং<br>(খ) ধোবাউড়া উপজেলা |
| ১৪৭ ময়মনসিংহ-২ | (ক) ফুলপুর উপজেলা এবং<br>(খ) তারাকান্দা উপজেলা |
| ১৪৮ ময়মনসিংহ-৩ | গৌরীপুর উপজেলা |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ১৪৯ ময়মনসিংহ-৪ | (ক) ময়মনসিংহ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা এবং<br>(খ) ময়মনসিংহ সদর উপজেলা |
| ১৫০ ময়মনসিংহ-৫ | মুক্তাগাছা উপজেলা |
| ১৫১ ময়মনসিংহ-৬ | ফুলবাড়ীয়া উপজেলা |
| ১৫২ ময়মনসিংহ-৭ | ত্রিশাল উপজেলা |
| ১৫৩ ময়মনসিংহ-৮ | ঈশ্বরগঞ্জ উপজেলা |
| ১৫৪ ময়মনসিংহ-৯ | নান্দাইল উপজেলা |
| ১৫৫ ময়মনসিংহ-১০ | গফরগাঁও উপজেলা |
| ১৫৬ ময়মনসিংহ-১১ | ভালুকা উপজেলা |
| ১৫৭ নেত্রকোণা-১ | (ক) কলমাকান্দা উপজেলা এবং<br>(খ) দূর্গাপুর উপজেলা |
| ১৫৮ নেত্রকোণা-২ | (ক) নেত্রকোণা সদর উপজেলা এবং<br>(খ) বারহাট্টা উপজেলা |
| ১৫৯ নেত্রকোণা-৩ | (ক) আটপাড়া উপজেলা এবং<br>(খ) কেন্দুয়া উপজেলা |
| ১৬০ নেত্রকোণা-৪ | (ক) মোহনগঞ্জ উপজেলা<br>(খ) মদন উপজেলা এবং<br>(গ) খালিয়াজুরী উপজেলা |
| ১৬১ নেত্রকোণা-৫ | পূর্বধলা উপজেলা |
| ১৬২ কিশোরগঞ্জ-১ | (ক) কিশোরগঞ্জ সদর উপজেলা এবং<br>(খ) হোসেনপুর উপজেলা |
| ১৬৩ কিশোরগঞ্জ-২ | (ক) কটিয়াদী উপজেলা এবং<br>(খ) পাকুন্দিয়া উপজেলা |
| ১৬৪ কিশোরগঞ্জ-৩ | (ক) তাড়াইল উপজেলা এবং<br>(খ) করিমগঞ্জ উপজেলা |
| ১৬৫ কিশোরগঞ্জ-৪ | (ক) ইটনা উপজেলা<br>(খ) মিঠামইন উপজেলা এবং<br>(গ) অষ্টগ্রাম উপজেলা |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ১৬৬ কিশোরগঞ্জ-৫ | (ক) নিকলী উপজেলা এবং<br>(খ) বাজিতপুর উপজেলা |
| ১৬৭ কিশোরগঞ্জ-৬ | (ক) কুলিয়ারচর উপজেলা এবং<br>(খ) ভৈরব উপজেলা |
| ১৬৮ মানিকগঞ্জ-১ | (ক) দৌলতপুর উপজেলা<br>(খ) ঘিওর উপজেলা এবং<br>(গ) শিবালয় উপজেলা |
| ১৬৯ মানিকগঞ্জ-২ | (ক) সিঙ্গাইর উপজেলা<br>(খ) হরিরামপুর উপজেলা এবং<br>(গ) মানিকগঞ্জ সদর উপজেলার হাটিপাড়া ও ভাড়ারিয়া ইউনিয়নসমূহ |
| ১৭০ মানিকগঞ্জ-৩ | (ক) হাটিপাড়া ও ভাড়ারিয়া ইউনিয়নসমূহ ব্যতীত মানিকগঞ্জ সদর উপজেলা এবং<br>(খ) সাটুরিয়া উপজেলা |
| ১৭১ মুন্সীগঞ্জ-১ | (ক) শ্রীনগর উপজেলা এবং<br>(খ) সিরাজদিখান উপজেলা |
| ১৭২ মুন্সীগঞ্জ-২ | (ক) লৌহজং উপজেলা এবং<br>(খ) টংগিবাড়ী উপজেলা |
| ১৭৩ মুন্সীগঞ্জ-৩ | (ক) মুন্সীগঞ্জ সদর উপজেলা এবং<br>(খ) গজারিয়া উপজেলা |
| ১৭৪ ঢাকা-১ | (ক) দোহার উপজেলা এবং<br>(খ) নবাবগঞ্জ উপজেলা |
| ১৭৫ ঢাকা-২ | (ক) কেরানীগঞ্জ উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ:-<br>(১) তারানগর (২) কলাতিয়া (৩) হযরতপুর (৪) রোহিতপুর (৫) শাক্তা (৬) কালিন্দী ও (৭) বাস্তা ইউনিয়ন এবং<br>(খ) সাভার উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ:-<br>(১) আমিনবাজার (২) তেঁতুলঝোড়া ও (৩) ভাকুর্তা ইউনিয়ন |
| ১৭৬ ঢাকা-৩ | কেরানীগঞ্জ উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ: (১) জিনজিরা (২) আগানগর (৩) তেঘরিয়া<br>(৪) কোন্ডা ও (৫) শুভাঢ্যা ইউনিয়ন |
| ১৭৭ ঢাকা-৪ | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর- ৪৭, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৮, ৫৯, ৬০ এবং ৬১ |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ১৭৮ ঢাকা-৫ | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর- ৪৮, ৪৯, ৫০, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৬৯ এবং ৭০ |
| ১৭৯ ঢাকা-৬ | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর- ৩৪, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫ ও ৪৬ |
| ১৮০ ঢাকা-৭ | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর- ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৫, ৩৬, ৫৬ ও ৫৭ |
| ১৮১ ঢাকা-৮ | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর- ০৮, ০৯, ১০, ১১, ১২, ১৩, ১৯, ২০ ও ২১ |
| ১৮২ ঢাকা-৯ | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর -০১, ০২, ০৩, ০৪, ০৫, ০৬, ০৭, ৭১, ৭২, ৭৩, ৭৪ ও ৭৫ |
| ১৮৩ ঢাকা-১০ | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর-১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ২২ ও ৫৫ |
| ১৮৪ ঢাকা-১১ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর-২১, ২২, ২৩, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১ ও ৪২ |
| ১৮৫ ঢাকা-১২ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর-২৪, ২৫, ২৬, ২৭, ৩৫ ও ৩৬ |
| ১৮৬ ঢাকা-১৩ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর-২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩ ও ৩৪ |
| ১৮৭ ঢাকা-১৪ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর-০৭, ০৮, ০৯, ১০, ১১ ও ১২ এবং সাভার উপজেলার কাউন্দিয়া ও বনগাঁও ইউনিয়ন |
| ১৮৮ ঢাকা-১৫ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর-০৪, ১৩, ১৪ ও ১৬ |
| ১৮৯ ঢাকা-১৬ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর-০২, ০৩, ০৫ ও ০৬ |
| ১৯০ ঢাকা-১৭ | (ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর-১৫, ১৮, ১৯ ও ২০ এবং<br>(খ) ঢাকা ক্যান্টনমেন্ট এলাকা |
| ১৯১ ঢাকা-১৮ | (ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর-০১, ১৭, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪ ও বিমানবন্দর এলাকা |
| ১৯২ ঢাকা-১৯ | (ক) সাভার উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ :<br>(১) শিমুলিয়া (২) ধামসোনা (৩) ইয়ারপুর (৪) আশুলিয়া (৫) বিরুলিয়া (৬) পাথালিয়া ইউনিয়ন ও (৭) সাভার ইউনিয়ন<br>(খ) সাভার পৌরসভা এবং<br>(গ) সাভার সেনানিবাস এলাকা |
| ১৯৩ ঢাকা-২০ | ধামরাই উপজেলা |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ১৯৪ গাজীপুর-১ | (ক) কালিয়াকৈর উপজেলা এবং<br>(খ) গাজীপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর- ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭ এবং ১৮ |
| ১৯৫ গাজীপুর-২ | (ক) গাজীপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর- ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮ এবং ৩৯<br>(খ) গাজীপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর- ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬ ও ৫৭ এবং<br>(গ) গাজীপুর সেনানিবাস এলাকা |
| ১৯৬ গাজীপুর-৩ | (ক) শ্রীপুর উপজেলা এবং<br>(খ) গাজীপুর সদর উপজেলার মির্জাপুর, ভাওয়ালগড় ও পিরুজালী ইউনিয়ন |
| ১৯৭ গাজীপুর-৪ | কাপাসিয়া উপজেলা |
| ১৯৮ গাজীপুর-৫ | (ক) কালিগঞ্জ উপজেলা<br>(খ) গাজীপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর- ৪০, ৪১ ও ৪২ এবং<br>(গ) গাজীপুর সদর উপজেলার বাড়িয়া ইউনিয়ন |
| ১৯৯ নরসিংদী-১ | নিম্নবর্ণিত ইউনিয়ন ব্যতীত নরসিংদী সদর উপজেলা :<br>(১) আমদিয়া (২) পাচদোনা ও (৩) মেহের পাড়া ইউনিয়ন |
| ২০০ নরসিংদী-২ | (ক) পলাশ উপজেলা এবং<br>(খ) নরসিংদী সদর উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়নসমূহ:<br>(১) আমদিয়া (২) পাচদোনা ও (৩) মেহের পাড়া ইউনিয়ন |
| ২০১ নরসিংদী-৩ | শিবপুর উপজেলা |
| ২০২ নরসিংদী-৪ | (ক) মনোহরদী উপজেলা এবং<br>(খ) বেলাবো উপজেলা |
| ২০৩ নরসিংদী-৫ | রায়পুরা উপজেলা |
| ২০৪ নারায়ণগঞ্জ-১ | রূপগঞ্জ উপজেলা |
| ২০৫ নারায়ণগঞ্জ-২ | আড়াইহাজার উপজেলা |
| ২০৬ নারায়ণগঞ্জ-৩ | (ক) সোনারগাঁও উপজেলা এবং<br>(খ) সিদ্ধিরগঞ্জ থানা (নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর-১ - ১০) |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ২০৭ নারায়ণগঞ্জ-৪ | (ক) নারায়ণগঞ্জ সদর উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহঃ<br>(১) ফতুল্লা (২) এনায়েতনগর (৩) বক্তাবলী (৪) কাশিপুর (৫) কুতুবপুর (৬) গোগনগর ও (৭) আলীরটেক |
| ২০৮ নারায়ণগঞ্জ-৫ | (ক) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর- ১১ - ২৭ এবং<br>(খ) বন্দর উপজেলা |
| ২০৯ রাজবাড়ী-১ | (ক) রাজবাড়ী সদর উপজেলা এবং<br>(খ) গোয়ালন্দ উপজেলা |
| ২১০ রাজবাড়ী-২ | (ক) পাংশা উপজেলা<br>(খ) কালুখালী উপজেলা এবং<br>(গ) বালিয়াকান্দি উপজেলা |
| ২১১ ফরিদপুর-১ | (ক) মধুখালী উপজেলা<br>(খ) বোয়ালমারী উপজেলা এবং<br>(গ) আলফাডাঙ্গা উপজেলা |
| ২১২ ফরিদপুর-২ | (ক) নগরকান্দা উপজেলা<br>(খ) সালথা উপজেলা এবং<br>(গ) ভাঙ্গা উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ :-<br>(১) আলগী ও (২) হামিরদী ইউনিয়ন |
| ২১৩ ফরিদপুর-৩ | ফরিদপুর সদর উপজেলা |
| ২১৪ ফরিদপুর-৪ | (ক) নিম্নলিখিত ইউনিয়নসমূহ ব্যতীত ভাঙ্গা উপজেলা :-<br>(১) আলগী ও (২) হামিরদী ইউনিয়ন<br>(খ) চরভদ্রাসন উপজেলা এবং<br>(গ) সদরপুর উপজেলা |
| ২১৫ গোপালগঞ্জ-১ | (ক) মুকসুদপুর উপজেলা এবং<br>(খ) নিম্নলিখিত ইউনিয়নসমূহ ব্যতীত কাশিয়ানী উপজেলা :-<br>(১) সিংগা (২) হাতাইরা (৩) পুইশুর (৪) বেথুড়ী (৫) নিজামকান্দি (৬) ওড়াকান্দি ও (৭) পুকরা ইউনিয়ন |
| ২১৬ গোপালগঞ্জ-২ | (ক) গোপালগঞ্জ সদর উপজেলা এবং<br>(খ) কাশিয়ানী উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ :-<br>(১) সিংগা (২) হাতাইরা (৩) পুইশুর (৪) বেথুড়ী (৫) নিজামকান্দি (৬) ওড়াকান্দি ও (৭) পুকরা ইউনিয়ন |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ২১৭ গোপালগঞ্জ-৩ | (ক) টুঙ্গিপাড়া উপজেলা এবং<br>(খ) কোটালীপাড়া উপজেলা |
| ২১৮ মাদারীপুর-১ | শিবচর উপজেলা |
| ২১৯ মাদারীপুর-২ | (ক) রাজৈর উপজেলা এবং<br>(খ) নিম্নলিখিত ইউনিয়নসমূহ ব্যতীত মাদারীপুর সদর উপজেলা:-<br>(১) খোয়াজপুর (২) ঝাউদি (৩) ঘটমাঝি (৪) মোস্তফাপুর ও (৫) কেন্দুয়া ইউনিয়ন |
| ২২০ মাদারীপুর-৩ | (ক) কালকিনি উপজেলা<br>(খ) ডাসার উপজেলা এবং<br>(গ) মাদারীপুর সদর উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ :-<br>(১) খোয়াজপুর (২) ঝাউদি (৩) ঘটমাঝি (৪) মোস্তফাপুর ও (৫) কেন্দুয়া ইউনিয়ন |
| ২২১ শরীয়তপুর-১ | (ক) শরীয়তপুর সদর উপজেলা এবং<br>(খ) জাজিরা উপজেলা |
| ২২২ শরীয়তপুর-২ | (ক) নড়িয়া উপজেলা এবং<br>(খ) ভেদরগঞ্জ উপজেলার ইউনিয়নসমূহ [সখিপুর থানা: (১) আর্শিনগর, (২) কাচিকাটা, (৩) চরকুমারিয়া, (৪) চরভাগা, (৫) চরসেনছাস, (৬) উত্তর তারাবুনিয়া, (৭) দক্ষিণ তারাবুনিয়া, (৮) ডি এম খালি ও (৯) সখিপুর ইউনিয়ন।] |
| ২২৩ শরীয়তপুর-৩ | (ক) ডামুড্যা উপজেলা<br>(খ) গোসাইরহাট উপজেলা<br>(গ) ভেদরগঞ্জ উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ :-<br>(১) ছয়গাঁও, (২) নারায়ণপুর, (৩) মহিষার ও (৪) রামভদ্রপুর ইউনিয়ন এবং<br>(ঘ) ভেদরগঞ্জ পৌরসভা। |
| ২২৪ সুনামগঞ্জ-১ | (ক) ধর্মপাশা উপজেলা<br>(খ) মধ্যনগর উপজেলা<br>(গ) তাহিরপুর উপজেলা এবং<br>(ঘ) জামালগঞ্জ উপজেলা |
| ২২৫ সুনামগঞ্জ-২ | (ক) দিরাই উপজেলা এবং<br>(খ) শাল্লা উপজেলা |
| ২২৬ সুনামগঞ্জ-৩ | (ক) জগন্নাথপুর উপজেলা এবং<br>(খ) শান্তিগঞ্জ উপজেলা |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ২২৭ সুনামগঞ্জ-৪ | (ক) সুনামগঞ্জ সদর উপজেলা এবং<br>(খ) বিশ্বম্ভরপুর উপজেলা |
| ২২৮ সুনামগঞ্জ-৫ | (ক) ছাতক উপজেলা এবং<br>(খ) দোয়ারাবাজার উপজেলা |
| ২২৯ সিলেট-১ | (ক) সিলেট সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর-১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮ ও ৩৯ এবং<br>(খ) সিলেট সদর উপজেলা |
| ২৩০ সিলেট-২ | (ক) বিশ্বনাথ উপজেলা এবং<br>(খ) ওসমানী নগর উপজেলা |
| ২৩১ সিলেট-৩ | (ক) সিলেট সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর- ২৮,২৯,৩০,৪০,৪১ ও ৪২<br>(খ) দক্ষিণ সুরমা উপজেলা<br>(গ) ফেঞ্চুগঞ্জ উপজেলা এবং<br>(ঘ) বালাগঞ্জ উপজেলা |
| ২৩২ সিলেট-৪ | (ক) কোম্পানীগঞ্জ উপজেলা<br>(খ) গোয়াইনঘাট উপজেলা এবং<br>(গ) জৈন্তাপুর উপজেলা |
| ২৩৩ সিলেট-৫ | (ক) কানাইঘাট উপজেলা এবং<br>(খ) জকিগঞ্জ উপজেলা |
| ২৩৪ সিলেট-৬ | (ক) বিয়ানীবাজার উপজেলা এবং<br>(খ) গোলাপগঞ্জ উপজেলা |
| ২৩৫ মৌলভীবাজার-১ | (ক) বড়লেখা উপজেলা এবং<br>(খ) জুড়ী উপজেলা |
| ২৩৬ মৌলভীবাজার-২ | কুলাউড়া উপজেলা |
| ২৩৭ মৌলভীবাজার-৩ | (ক) মৌলভীবাজার সদর উপজেলা এবং<br>(খ) রাজনগর উপজেলা |
| ২৩৮ মৌলভীবাজার-৪ | (ক) শ্রীমংগল উপজেলা এবং<br>(খ) কমলগঞ্জ উপজেলা |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ২৩৯ হবিগঞ্জ-১ | (ক) নবীগঞ্জ উপজেলা এবং<br>(খ) বাহুবল উপজেলা |
| ২৪০ হবিগঞ্জ-২ | (ক) আজমিরীগঞ্জ উপজেলা এবং<br>(খ) বানিয়াচং উপজেলা |
| ২৪১ হবিগঞ্জ-৩ | (ক) হবিগঞ্জ সদর উপজেলা<br>(খ) লাখাই উপজেলা এবং<br>(গ) শায়েস্তাগঞ্জ উপজেলা |
| ২৪২ হবিগঞ্জ-৪ | (ক) চুনারুঘাট উপজেলা এবং<br>(খ) মাধবপুর উপজেলা |
| ২৪৩ ব্রাহ্মণবাড়িয়া-১ | নাসিরনগর উপজেলা |
| ২৪৪ ব্রাহ্মণবাড়িয়া-২ | (ক) সরাইল উপজেলা<br>(খ) আশুগঞ্জ উপজেলা এবং<br>(গ) বিজয়নগর উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ :<br>(১) বুধন্তি ইউনিয়ন ও (২) চান্দুরা ইউনিয়ন। |
| ২৪৫ ব্রাহ্মণবাড়িয়া-৩ | (ক) ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলা এবং<br>(খ) বিজয়নগর উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ :<br>(১) ইছাপুরা (২) চম্পকনগর (৩) পত্তন (৪) দক্ষিণ সিংগারবিল (৫) বিষ্ণুপুর (৬) চর ইসলামপুর (৭) পাহাড়পুর ইউনিয়ন ও (৮) হরষপুর ইউনিয়ন। |
| ২৪৬ ব্রাহ্মণবাড়িয়া-৪ | (ক) আখাউড়া উপজেলা এবং<br>(খ) কসবা উপজেলা |
| ২৪৭ ব্রাহ্মণবাড়িয়া-৫ | নবীনগর উপজেলা |
| ২৪৮ ব্রাহ্মণবাড়িয়া-৬ | বাঞ্ছারামপুর উপজেলা |
| ২৪৯ কুমিল্লা-১ | (ক) দাউদকান্দি উপজেলা এবং<br>(খ) মেঘনা উপজেলা |
| ২৫০ কুমিল্লা-২ | (ক) হোমনা উপজেলা ও<br>(খ) তিতাস উপজেলা |
| ২৫১ কুমিল্লা-৩ | মুরাদনগর উপজেলা |
| ২৫২ কুমিল্লা-৪ | দেবিদ্বার উপজেলা |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ২৫৩ কুমিল্লা-৫ | (ক) ব্রাহ্মণপাড়া উপজেলা এবং<br>(খ) বুড়িচং উপজেলা |
| ২৫৪ কুমিল্লা-৬ | (ক) কুমিল্লা আদর্শ সদর উপজেলা<br>(খ) কুমিল্লা সিটি কর্পোরেশন<br>(গ) কুমিল্লা সেনানিবাস এলাকা এবং<br>(ঘ) কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা |
| ২৫৫ কুমিল্লা-৭ | চান্দিনা উপজেলা |
| ২৫৬ কুমিল্লা-৮ | বরুড়া উপজেলা |
| ২৫৭ কুমিল্লা-৯ | (ক) মনোহরগঞ্জ উপজেলা এবং<br>(খ) লাকসাম উপজেলা |
| ২৫৮ কুমিল্লা-১০ | (ক) নাংগলকোট উপজেলা এবং<br>(খ) লালমাই উপজেলা |
| ২৫৯ কুমিল্লা-১১ | চৌদ্দগ্রাম উপজেলা |
| ২৬০ চাঁদপুর-১ | কচুয়া উপজেলা |
| ২৬১ চাঁদপুর-২ | (ক) মতলব (উত্তর) উপজেলা এবং<br>(খ) মতলব (দক্ষিণ) উপজেলা |
| ২৬২ চাঁদপুর-৩ | (ক) চাঁদপুর সদর উপজেলা এবং<br>(খ) হাইমচর উপজেলা |
| ২৬৩ চাঁদপুর-৪ | ফরিদগঞ্জ উপজেলা |
| ২৬৪ চাঁদপুর-৫ | (ক) হাজীগঞ্জ উপজেলা এবং<br>(খ) শাহরাস্তি উপজেলা |
| ২৬৫ ফেনী-১ | (ক) পরশুরাম উপজেলা<br>(খ) ছাগলনাইয়া উপজেলা এবং<br>(গ) ফুলগাজী উপজেলা |
| ২৬৬ ফেনী-২ | ফেনী সদর উপজেলা |
| ২৬৭ ফেনী-৩ | (ক) সোনাগাজী উপজেলা এবং<br>(খ) দাগনভূঞা উপজেলা |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ২৬৮ নোয়াখালী-১ | (ক) চাটখিল উপজেলা এবং<br>(খ) সোনাইমুড়ী উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ:<br>(১) জয়াগ (২) নদনা (৩) চাষীরহাট (৪) বজরা (৫) সোনাপুর (৬) দেওটি ও (৭) আমিশাপাড়া ইউনিয়ন এবং<br>(গ) সোনাইমুড়ী পৌরসভা |
| ২৬৯ নোয়াখালী-২ | (ক) সেনবাগ উপজেলা এবং<br>(খ) সোনাইমুড়ী উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ :<br>(১) বারগাঁও (২) নাটেশ্বর ও (৩) অম্বর নগর ইউনিয়ন |
| ২৭০ নোয়াখালী-৩ | বেগমগঞ্জ উপজেলা |
| ২৭১ নোয়াখালী-৪ | (ক) সুবর্ণচর উপজেলা এবং<br>(খ) নোয়াখালী সদর উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ:-<br>(১) চরমটুয়া (২) দাদপুর (৩) নোয়ান্নই (৪) কাদিরহানিফ (৫) বিনোদপুর (৬) নোয়াখালী (৭) ধর্মপুর (৮) এওজবালিয়া (৯) কালাদরাপ (১০) পূর্ব চরমটুয়া ও (১১) আন্ডারচর ইউনিয়ন<br>(গ) নোয়াখালী পৌরসভা |
| ২৭২ নোয়াখালী-৫ | (ক) কবিরহাট উপজেলা<br>(খ) কোম্পানীগঞ্জ উপজেলা এবং<br>(গ) নোয়াখালী সদর উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ: (১) অশ্বদিয়া ও (২) নেয়াজপুর ইউনিয়ন |
| ২৭৩ নোয়াখালী-৬ | হাতিয়া উপজেলা |
| ২৭৪ লক্ষ্মীপুর-১ | রামগঞ্জ উপজেলা |
| ২৭৫ লক্ষ্মীপুর-২ | (ক) রায়পুর উপজেলা এবং<br>(খ) লক্ষ্মীপুর সদর উপজেলা নিম্নলিখিত ইউনিয়নসমূহ :<br>(১) উত্তর হামছাদী, (২) দক্ষিণ হামছাদী, (৩) দালাল বাজার, (৪) চর রুহিতা, (৫) পার্বতী নগর, (৬) শাকচর (৭) টুমচর (৮) চর রমনীমোহন ও (৯) বশিকপুর |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ২৭৬ লক্ষ্মীপুর-৩ | (ক) লক্ষ্মীপুর সদর উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ :<br>(১) ভাঙ্গা খাঁ (২) দত্তপাড়া (৩) উত্তর জয়পুর (৪) চন্দ্রগঞ্জ (৫) হাজির পাড়া (৬) চর শাহী (৭) দিঘলী (৮) মান্দারী (৯) লাহারকান্দি (১০) ভবানীগঞ্জ (১১) কুশাখালী ও (১২) তেওয়ারীগঞ্জ এবং<br>(খ) লক্ষ্মীপুর সদর পৌরসভা |
| ২৭৭ লক্ষ্মীপুর-৪ | (ক) রামগতি উপজেলা এবং<br>(খ) কমলনগর উপজেলা |
| ২৭৮ চট্টগ্রাম-১ | মীরশ্বরাই উপজেলা |
| ২৭৯ চট্টগ্রাম-২ | ফটিকছড়ি উপজেলা |
| ২৮০ চট্টগ্রাম-৩ | সন্দ্বীপ উপজেলা |
| ২৮১ চট্টগ্রাম-৪ | (ক) সীতাকুন্ড উপজেলা এবং<br>(খ) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর-৯ ও ১০ |
| ২৮২ চট্টগ্রাম-৫ | (ক) হাটহাজারী উপজেলা এবং<br>(খ) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর-০১ ও ০২ |
| ২৮৩ চট্টগ্রাম-৬ | রাউজান উপজেলা |
| ২৮৪ চট্টগ্রাম-৭ | রাঙ্গুনিয়া উপজেলা |
| ২৮৫ চট্টগ্রাম-৮ | (ক) বোয়ালখালী উপজেলা এবং<br>(খ) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর- ০৩, ০৪, ০৫, ০৬ ও ০৭ |
| ২৮৬ চট্টগ্রাম-৯ | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর-১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ৩১, ৩২, ৩৩, ৩৪ ও ৩৫ |
| ২৮৭ চট্টগ্রাম-১০ | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর-০৮, ১১, ১২, ১৩, ১৪, ২৪, ২৫ ও ২৬ |
| ২৮৮ চট্টগ্রাম-১১ | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ওয়ার্ড নম্বর-২৭, ২৮, ২৯, ৩০, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০ ও ৪১ |
| ২৮৯ চট্টগ্রাম-১২ | পটিয়া উপজেলা |
| ২৯০ চট্টগ্রাম-১৩ | (ক) আনোয়ারা উপজেলা এবং<br>(খ) কর্ণফুলী উপজেলা |

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি |
|---|---|
| ২৯১ চট্টগ্রাম-১৪ | (ক) চন্দনাইশ উপজেলা এবং<br>(খ) সাতকানিয়া উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ:-<br>(১) কেওচিয়া (২) কালিয়াইশ (৩) বাজালিয়া (৪) ধর্মপুর (৫) পুরানগড় ও (৬) খাগরিয়া ইউনিয়ন |
| ২৯২ চট্টগ্রাম-১৫ | (ক) লোহাগাড়া উপজেলা এবং<br>(খ) নিম্নলিখিত ইউনিয়নসমূহ ব্যতীত সাতকানিয়া উপজেলা:- (১) কেওচিয়া (২) কালিয়াইশ (৩) বাজালিয়া (৪) ধর্মপুর (৫) পুরানগড় ও (৬) খাগরিয়া ইউনিয়ন |
| ২৯৩ চট্টগ্রাম-১৬ | বাঁশখালী উপজেলা |
| ২৯৪ কক্সবাজার-১ | (ক) চকরিয়া উপজেলা এবং<br>(খ) পেকুয়া উপজেলা |
| ২৯৫ কক্সবাজার-২ | (ক) কুতুবদিয়া উপজেলা এবং<br>(খ) মহেশখালী উপজেলা |
| ২৯৬ কক্সবাজার-৩ | (ক) কক্সবাজার সদর উপজেলা<br>(খ) ঈদগাঁও উপজেলা এবং<br>(গ) রামু উপজেলা |
| ২৯৭ কক্সবাজার-৪ | (ক) উখিয়া উপজেলা এবং<br>(খ) টেকনাফ উপজেলা |
| ২৯৮ খাগড়াছড়ি | খাগড়াছড়ি পার্বত্য জেলা |
| ২৯৯ রাঙ্গামাটি | রাঙ্গামাটি পার্বত্য জেলা |
| ৩০০ বান্দরবান | বান্দরবান পার্বত্য জেলা |

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

- সংলগ্নী-২

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৬, ২০২৫

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

## বিজ্ঞপ্তি

তারিখ : ১০ আষাঢ় ১৪৩২/ ২৪ জুন ২০২৫

নং ১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৫-১৫২।—জাতীয় সংসদ নির্বাচনের লক্ষ্যে "জাতীয় সংসদ নির্বাচনে ভোটকেন্দ্র স্থাপন এবং ব্যবস্থাপনা নীতিমালা-২০২৫" সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে এতদ্‌সংগে প্রকাশ করিতেছি।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

দেওয়ান মোঃ সারওয়ার জাহান
উপসচিব (নিঃ সঃ ও সঃ)।

## জাতীয় সংসদ নির্বাচনে ভোটকেন্দ্র স্থাপন এবং ব্যবস্থাপনা নীতিমালা-২০২৫

জাতীয় সংসদ নির্বাচন অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠুভাবে অনুষ্ঠানের উদ্দেশ্যে সর্বোত্তম স্থানে ভোটকেন্দ্র স্থাপন অত্যাবশ্যক। ব্যক্তি/গোষ্ঠী/দলের প্রভাববিহীন ও ভোটারদের ভোট প্রদানের সার্বিক সুযোগ-সুবিধা অনুযায়ী ভোটকেন্দ্রের স্থান নির্ধারণের উপর সুষ্ঠু নির্বাচন বহুলাংশে নির্ভরশীল। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৮ অনুচ্ছেদের বিধান অনুসারে জাতীয় সংসদ নির্বাচনের সময়সূচি অনুসারে ভোটকেন্দ্রের স্থান নির্ধারণ করা এবং তার চূড়ান্ত তালিকা সরকারি গেজেটে প্রকাশ করার দায়িত্ব নির্বাচন কমিশনের উপর অর্পিত রয়েছে। এর পরিপ্রেক্ষিতে নির্বাচন কমিশন জাতীয় সংসদ নির্বাচনের জন্য ভোটকেন্দ্র স্থাপনের নিমিত্ত নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করল:

২। ভোটকেন্দ্রের তালিকা: নির্বাচন কমিশন কর্তৃক প্রণীত জাতীয় সংসদ সদস্য নির্বাচনের জন্য ভোটকেন্দ্র স্থাপনের নীতিমালা অনুযায়ী প্রাথমিক তালিকা প্রেরণের জন্য মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়। প্রাথমিক তালিকার উপর দাবী/আপত্তি/সুপারিশ গ্রহণ করে তা যথাযথভাবে নিষ্পত্তি করতঃ চূড়ান্ত করা হয় এবং গেজেটে প্রকাশ করা হয়।

৩। ভোটকেন্দ্র স্থাপনে করণীয়: ভোটকেন্দ্রের জন্য নির্বাচন কমিশন কর্তৃক প্রণীত নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণ করে সম্ভাব্য ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রস্তুত করতে হবে:

(১) **ভোটার অনুসারে কেন্দ্র ও কক্ষ স্থাপন:** গড়ে ৩০০০ (তিন হাজার) ভোটারের জন্য একটি করে ভোটকেন্দ্র এবং গড়ে ৫০০ (পাঁচশত) জন পুরুষ ভোটারের জন্য এবং ৪০০ (চারশত) জন মহিলা ভোটারের জন্য ১টি করে কক্ষ নির্ধারণ করতে হবে।

(২) **বিলুপ্তির কারণে আলোচনার ভিত্তিতে পরিবর্তিত কেন্দ্র নির্ধারণ:** বিদ্যমান ভোটকেন্দ্রের স্থাপনা নদী ভাঙ্গন বা অন্যবিধ কারণে বিলুপ্ত/ব্যবহার অনুপযোগী হলে স্থানীয় গণ্যমান্য ব্যক্তি/রাজনৈতিক দলের সাথে আলোচনাক্রমে ভোটকেন্দ্র স্থাপন নির্ধারণ করতে হবে।

(৩) **ভোটার বৃদ্ধির কারণে আলোচনার ভিত্তিতে নতুন কেন্দ্র নির্ধারণ:** অনুরূপভাবে ভোটার সংখ্যা বৃদ্ধির কারণে নতুনভাবে ভোটকেন্দ্র স্থাপনের প্রয়োজন হলে স্থানীয় গণ্যমান্য ব্যক্তি/নির্বাচিত প্রতিনিধি/রাজনৈতিক দলসমূহের সাথে আলোচনা করে নতুনভাবে স্থাপিত ভোটকেন্দ্রের স্থান ও তালিকা নির্ধারণ করতে হবে।

(৪) **সরকারি ভবনাদিতে ভোটকেন্দ্র স্থাপন:** ভোটকেন্দ্র স্থাপনে সরকারি ভবনসমূহকে প্রাধান্য দিতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান ছাড়াও সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থা পরিচালিত কমিউনিটি সেন্টার, ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র, সরকারি অফিস, ক্লাব এ ধরনের ভবনে ভোটকেন্দ্র স্থাপন করা যাবে। ভোটকেন্দ্র স্থাপনের জন্য এ সকল প্রতিষ্ঠানের স্থাপনা, চৌহদ্দি, সীমানা প্রাচীর ইত্যাদির প্রতি লক্ষ্য রাখতে হবে।

(৫) **প্রভাবাধীন বা সর্বসাধারণের জন্য উন্মুক্ত নয় এমন স্থানে কেন্দ্র না করা:** কোনো অবস্থাতেই কোনো প্রার্থীর প্রভাবাধীন স্থানে ভোটকেন্দ্র স্থাপন করা যাবে না। তাছাড়া সর্বসাধারণের জন্য উন্মুক্ত নয় যেমন- ধর্মীয় উপাসনালয় (মসজিদ, মন্দির, গীর্জা, বিহার ও প্যাগোডা ইত্যাদি) কবরস্থান, শ্মশান, হাটবাজার, সংকীর্ণ অলিগলি এরূপ স্থানেও ভোটকেন্দ্র স্থাপন করা যাবে না।

(৬) অতিরিক্ত ভোটকক্ষের ব্যবস্থা করা: অবস্থানগত কারণে কোনো ভোটকেন্দ্রে ভোটারের সংখ্যা অধিক হলে সেক্ষেত্রে অতিরিক্ত ভোটারের জন্য প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত ভোটকক্ষের ব্যবস্থা করা যাবে ।

(৭) **বিশেষ ক্ষেত্রে কম সংখ্যক ভোটার নিয়ে কেন্দ্র স্থাপন:** বিশেষ ক্ষেত্রে জনবসতি কম এলাকায় এবং ভৌগোলিক অবস্থানগত কারণে নির্দিষ্ট ভোটারের কম সংখ্যক ভোটারের জন্যও ভোটকেন্দ্র স্থাপন করা যাবে (যেমন পার্বত্য জেলাসমূহ)। তাছাড়া কম জনবসতিসম্পন্ন এলাকা, দূর্গম পার্বত্য এলাকা, দ্বীপ অঞ্চল এবং প্রাকৃতিক প্রতিবন্ধকতার কারণে উপরোক্ত শর্তসমূহ শিথিল করা যেতে পারে, যাতে ভোটারদের ভোট প্রদানে কোনো বিঘ্ন সৃষ্টি না হয়।

(৮) যাতায়াতের সুবিধা ও অবস্থান: ভোটারদের ভোটকেন্দ্রে যাতায়াতের সুবিধা ও ভৌগোলিক অবস্থান বিবেচনা করে ভোটকেন্দ্র এরূপভাবে স্থাপন করতে হবে যাতে—

(ক) ভোটার এলাকাগুলো যেন ভোটকেন্দ্রের সংলগ্ন ও সুনিবিড় হয় এবং সাধারণতঃ দুটি ভোটকেন্দ্রের মধ্যে দূরত্ব ৩(তিন) কিলোমিটারের অধিক না হয়;

(খ) কোনো ভোটার এলাকার ভোটারগণকে যেন নিকটস্থ ভোটকেন্দ্র অতিক্রম করে দূরবর্তী স্থানে স্থাপিত ভোটকেন্দ্রে গমন করতে না হয়; এবং

(গ) একটি ভোটকেন্দ্রের অতি নিকটে অন্য একটি ভোটকেন্দ্র যেনো স্থাপন না করা হয়।

(৯) **রাজনীতির সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নামে স্থাপিত প্রতিষ্ঠান পরিহার:** যে সকল ব্যক্তি রাজনীতির সাথে অথবা নির্বাচনের সাথে সরাসরি সম্পৃক্ত বা নির্বাচনে প্রার্থী হওয়ার সম্ভাবনা রয়েছে তাদের নামে স্থাপিত প্রতিষ্ঠানসমূহে যতদূর সম্ভব ভোটকেন্দ্র স্থাপন থেকে বিরত থাকতে হবে। তবে বিকল্প কোনো প্রতিষ্ঠান না থাকলে উক্ত শর্তটি শিথিল করা যাবে। সেক্ষেত্রে নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিবিড় তদারকি এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিয়োগ পর্যাপ্ত হতে হবে।

(১০) **প্রতিষ্ঠানের নামানুসারে ভোটকেন্দ্র:** ভোটকেন্দ্র যে স্থানে/প্রতিষ্ঠানে স্থাপিত হবে সে স্থানের/প্রতিষ্ঠানের নামানুসারে ভোটকেন্দ্রের নাম লিপিবদ্ধ করতে হবে।

(১১) **অস্থায়ী কেন্দ্র স্থাপন:** কোনোঅস্থায়ী জায়গায় ভোটকেন্দ্র স্থাপন করা হলে এলাকার অবস্থান সুস্পষ্টরূপে উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, স্কুল ও কলেজ বাদে অন্য কোনো স্থাপনায় ভোটকেন্দ্র স্থাপনের প্রস্তাব করলে এবং অস্থায়ী বুথ স্থাপনের প্রস্তাব করলে তার যৌক্তিকতা তুলে ধরে আলাদা প্রত্যয়ন দিতে হবে। লক্ষ্য রাখতে হবে যে, কোনো অবস্থাতেই অস্থায়ী ভোটকেন্দ্রের (যেখানে কোনো স্থাপনা নাই) ভোটকক্ষকে অস্থায়ী কক্ষ হিসেবে গণনায় আনা যাবে না।

(১২) **একাধিক কেন্দ্র স্থাপনে মূল প্রতিষ্ঠানের নাম ব্যবহার:** একই স্থাপনায় বিভিন্ন শিফটে চালু একাধিক শিক্ষা প্রতিষ্ঠানের নামে ভোটকেন্দ্র স্থাপন করা যাবে না। এক্ষেত্রে শুধুমাত্র একটি মূল প্রতিষ্ঠানের নাম ব্যবহার করে ভোটকেন্দ্র নং- ১, ২, ৩ ইত্যাদি ক্রমিক নম্বর উল্লেখপূর্বক ভোটকেন্দ্র স্থাপন করা যাবে।

(১৩) **পুরুষ ও মহিলাদের সুশৃংখল ভোটদানে নিশ্চয়তা বিধান:** একই ভোটকেন্দ্রে পুরুষ ও মহিলা ভোটারগণ যাতে পৃথক পৃথক এবং সুশৃঙ্খলভাবে ভোটদান করতে পারেন তার ব্যবস্থা করতে হবে। মহিলা ও পুরুষ ভোটারগণ যাতে ভিন্ন ভিন্ন ভাবে ভোটকক্ষে প্রবেশ ও বাহির হতে পারেন তারও নিশ্চয়তা বিধান করা সম্ভব এমন স্থাপনাকে প্রাধান্য দিতে হবে।

(১৪) **পুরুষ ও মহিলা ভোটারদের জন্য পৃথক পৃথক ভোটকেন্দ্র:** ঘনবসতিপূর্ণ এলাকায় পুরুষ ও মহিলাদের জন্য পাশাপাশি প্রতিষ্ঠানে পৃথক পৃথক ভোটকেন্দ্র স্থাপন করা যাবে।

(১৫) **তালিকায় পুরুষ-মহিলার উল্লেখ:** ভোটকেন্দ্রটি পুরুষ ভোটার, না মহিলা ভোটারের জন্য, নাকি উভয়ের জন্য তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

(১৬) **ভোটার এলাকার নাম ও সংখ্যা:** প্রত্যেক ভোটকেন্দ্রের নামের বিপরীতে উল্লিখিত প্রতিটি ভোটার এলাকার নাম উল্লেখ করতে হবে এবং ভোটার এলাকার নামের পার্শ্বে কতজন ভোটার উক্ত ভোটকেন্দ্রে ভোট দিবে তার সংখ্যা উল্লেখ করতে হবে এবং পুরুষ ও মহিলা ভোটার সংখ্যা আলাদাভাবে উল্লেখ করতে হবে।

(১৭) **বিভিন্ন ভোটার এলাকার ভোটার নম্বর উল্লেখ:** কোনো ভোটার এলাকাকে বিভক্ত করে একাধিক ভোটকেন্দ্রের জন্য নির্ধারণ করা হলে ভোটার তালিকায় বর্ণিত ক্রমিক নম্বরগুলো ভোটকেন্দ্রের বিপরীতে প্রদর্শন করতে হবে, যাতে স্পষ্ট বোঝা যায় যে, ভোটার তালিকায় কোন্ কোন্ ভোটারকে কোন্ কোন্ ভোটকেন্দ্রে ভোট দিতে হবে। লক্ষ্য রাখতে হবে যেন ভোট গ্রহণের দিন ভোটারগণ অযথা হয়রানি বা বিভ্রান্তির সম্মুখীন না হন।

(১৮) **ভোটার সংখ্যার আধিক্য এমন ভোটার এলাকার প্রাধান্য:** ভোটার এলাকাসমূহের মধ্যে যে ভোটার এলাকায় ভোটার সংখ্যা অধিক এবং যেখানে সুবিধাজনক প্রতিষ্ঠান রয়েছে সে ভোটার এলাকাকে প্রাধান্য ও গুরুত্ব দিয়ে ভোটকেন্দ্র স্থাপন করতে হবে।

(১৯) **প্রতিবন্ধী, বয়স্ক ও মহিলা ভোটারদের সুবিধা বিবেচনায় রাখা:** ভোটকেন্দ্র স্থাপনের সময় প্রতিবন্ধী ভোটার, বয়স্ক এবং তৃতীয় লিঙ্গধারী (হিজড়া) ভোটারদের ভোট প্রদানে অগ্রাধিকার আবশ্যিক বিবেচনায় রাখতে হবে।

(২০) **প্রাপ্ত আপত্তি/সুপারিশ যাচাই:** (ক) যদি কোনো ভোটকেন্দ্রের স্থান নির্ধারণ সম্পর্কে কারো কোনো লিখিত আবেদন/সুপারিশ বা আপত্তি থাকে তাহলে প্রাপ্ত আবেদন/ সুপারিশ বা আপত্তিসমূহ সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার সরেজমিনে যাচাই করে যথাপোযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

(খ) উপজেলা নির্বাচন অফিসার সম্ভাব্য ভোটকেন্দ্রসমূহ সরেজমিনে পরিদর্শন করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রস্তুত করবেন। সম্ভাব্য ভোটকেন্দ্রের তালিকা প্রস্তুতকরণে সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারকে সার্বিক সহযোগিতা প্রদান করবেন এবং যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কমিশনে প্রেরণ করবেন।

(গ) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৮ অনুচ্ছেদ অনুসারে নির্বাচন কমিশন কর্তৃক ভোটকেন্দ্রের তালিকা সংরক্ষণের বিধান রয়েছে। উক্ত সংরক্ষিত ভোটকেন্দ্রের তালিকা কমিশন প্রয়োজনীয় সংশোধন ও পরিবর্তন করে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৮(২) অনুচ্ছেদ অনুযায়ী ভোটগ্রহণের অন্যূন ২৫ (পঁচিশ) দিন পূর্বে চূড়ান্ত করে সরকারি গেজেটে প্রকাশ করবেন।

(২১) উপবিধি ১ হতে ২০ এবং বিধানাবলী সাপেক্ষে বর্তমানে বিদ্যমান ভোটকেন্দ্রসমূহ যথাসম্ভব অপরিবর্তনীয় রাখার চেষ্টা করতে হবে।

(২২) **চূড়ান্ত তালিকায় কোন কেন্দ্র কোন প্রার্থীর নিয়ন্ত্রণে বা বাড়ি সংলগ্ন কিনা তা অবহিতকরণ:** ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্ত হলেও এমনকি গেজেটে প্রকাশ করা হলেও গণ-প্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ এর অনুচ্ছেদ ৮(৫) অনুচ্ছেদ অনুসারে চূড়ান্ত তালিকায় উল্লিখিত কোনো ভোটকেন্দ্র কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অধীনে বা নিয়ন্ত্রণে থাকলে তা জরুরী ভিত্তিতে কমিশনকে জানাতে হবে। প্রার্থিতা প্রত্যাহারের পর প্রতিটি নির্বাচনি এলাকার সকল ভোটকেন্দ্র সরেজমিনে পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করে এ বিষয়ে কমিশনে মতামত প্রেরণ করতে হবে। অতঃপর কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উক্ত বিষয়টি নিষ্পত্তি করা হবে।

৪। **ভোটকেন্দ্র সংক্রান্ত তথ্যের সার-সংক্ষেপ প্রেরণ:** ভোটকেন্দ্রের তালিকার সাথে প্রত্যেক ভোটকেন্দ্রের মোট ভোটার সংখ্যা, পুরুষ ও মহিলা ভোটার সংখ্যা, কয়টি ভোটকেন্দ্র এবং কয়টি ভোটকক্ষ স্থাপনের প্রস্তাব করা হয়েছে তার একটি সারসংক্ষেপ তৈরি করতে হবে। সে সাথে প্রতিটি নির্বাচনি এলাকার উপজেলা/থানা, ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ ক্যান্টনমেন্ট বোর্ডের সংখ্যাও অবহিত করতে হবে। ভোটকেন্দ্রের তালিকা প্রণয়নের সুবিধার্থে এতদসংগে সংযুক্ত ছকটি ব্যবহার করতে হবে।

'ছক'

ভোটকেন্দ্রের তালিকা

নির্বাচনি এলাকার নম্বর ও নাম ..........................................................................

| ক্রমিক | ভোটকেন্দ্রের নাম ও অবস্থান | ভোটকক্ষের সংখ্যা | যে এলাকার ভোটারগণ এই ভোটকেন্দ্রে ভোট প্রদান করবেন ( ভোটার এলাকার নাম) | | | ভোটকেন্দ্রের ভোটার সংখ্যা | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | পল্লী অঞ্চলের ক্ষেত্রে গ্রামের নাম | শহর অঞ্চলের ক্ষেত্রে ওয়ার্ড নং/ মহল্লা/ রাস্তার নাম | যেসব কেন্দ্রে ভোটার এলাকা বিভক্ত হয়েছে সেসব ক্ষেত্রে ভোটারদের ক্রমিক নম্বর | পুরুষ | মহিলা | হিজড়া | মোট | |
| ১ | ২ | ৩ | ৪(ক) | ৪(খ) | ৪(গ) | ৫(ক) | ৫(খ) | ৫(গ) | ৫(ক+খ+গ) | ৬ |
| | | | | | | | | | | |

উপজেলা/থানা :

ইউনিয়ন/পৌর এলাকা/সিটি কর্পোরেশন :

ক্যান্টনমেন্ট বোর্ড (যদি থাকে) :

১।

২।

...................................................................

সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার

ভোটকেন্দ্রের তথ্য সম্বলিত
সার-সংক্ষেপ

| উপজেলা/ থানার সংখ্যা ও নাম | সিটি কর্পোরেশন/ পৌরসভার সংখ্যা ও নাম | ইউনিয়ন/ ক্যান্টনমেন্ট বোর্ডের সংখ্যা | ভোটকেন্দ্রের সংখ্যা | | | ভোটকক্ষের সংখ্যা | | | ভোটার সংখ্যা | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | স্থায়ী | অস্থায়ী | মোট | স্থায়ী | অস্থায়ী | মোট | পুরুষ | মহিলা | হিজড়া | মোট | |
| ১ | ২ | ৩ | ৪(ক) | ৪(খ) | ৪ (ক+খ) | ৫(ক) | ৫(খ) | ৫ (ক+খ) | ৬(ক) | ৬(খ) | ৬(গ) | ৬ (ক+খ+গ) | ৭ |
| | | | | | | | | | | | | | |

..................................................

সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার

০৫। **রহিতকরণ ও হেফাজত:** নির্বাচন কমিশন সচিবালয়ের নং-১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৮.২২-৬২৯ তারিখ: ২২ জ্যৈষ্ঠ, ১৪৩০/০৫ জুন, ২০২৩ দ্বারা জারীকৃত বিজ্ঞপ্তি "জাতীয় সংসদ নির্বাচনে ভোটকেন্দ্র স্থাপন এবং ব্যবস্থাপনা নীতিমালা" এতদ্বারা রহিত করা হলো।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ৪, ২০২৫

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

সংশোধনী বিজ্ঞপ্তি

তারিখ : ১৭ ভাদ্র, ১৪৩২/০১ সেপ্টেম্বর, ২০২৫

নং ১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৫-৬৫০।—জাতীয় সংসদ নির্বাচনের লক্ষ্যে "জাতীয় সংসদ নির্বাচনে ভোটকেন্দ্র স্থাপন এবং ব্যবস্থাপনা নীতিমালা-২০২৫" সংক্রান্ত নির্বাচন কমিশন সচিবালয় হইতে স্মারক নং-১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৫-১৫২ মূলে ২৪ জুন, ২০২৫ তারিখে জারীকৃত এবং জুন ২৬, ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত বিজ্ঞপ্তিতে নিম্নরূপ সংশোধনী আনয়ন করা হইল:

"গেজেটের ৬৪৭০ নং পৃষ্ঠার ৩(১) এর "ভোটার অনুসারে কেন্দ্র ও কক্ষ স্থাপন: গড়ে ৩০০০ (তিন হাজার) ভোটারের জন্য একটি করে ভোটকেন্দ্র এবং গড়ে ৫০০ (পাঁচশত) জন পুরুষ ভোটারের জন্য এবং ৪০০ (চারশত) জন মহিলা ভোটারের জন্য ১টি করে কক্ষ নির্ধারণ করতে হবে।" এর স্থলে "ভোটার অনুসারে কেন্দ্র ও কক্ষ স্থাপন: সাধারণভাবে ৩০০০ (তিন হাজার) ভোটারের জন্য একটি করে ভোটকেন্দ্র এবং সাধারণভাবে ৬০০ (ছয়শত) জন পুরুষ ভোটারের জন্য ও ৫০০ (পাঁচশত) জন মহিলা ভোটারের জন্য একটি করে ভোটকক্ষ নির্ধারণ করতে হবে।" সংখ্যা ও শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে।"

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ মাহবুব আলম শাহ্
উপসচিব (নিঃসঃওসঃ)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত। মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০

"একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হইবে"



নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৫-৫১৫ তারিখ: ০৪ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ১৯ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ **ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোটকেন্দ্র স্থাপন সংক্রান্ত।**

জাতীয় সংসদ নির্বাচনের লক্ষ্যে "জাতীয় সংসদ নির্বাচনে ভোটকেন্দ্র স্থাপন ও ব্যবস্থাপনা নীতিমালা-২০২৫" মাননীয় কমিশন কর্তৃক সদয় অনুমোদিত হয় এবং উক্ত নীতিমালা জুন ২৬,২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৮ (১) ও (২) অনুযায়ী জাতীয় সংসদ নির্বাচনের ভোটকেন্দ্রের তালিকা সংরক্ষন ও চূড়ান্তকরত ২৫(পঁচিশ) দিন পূর্বে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করার বিধান রয়েছে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের নিমিত্তে এলাকা ভিত্তিক ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ, খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর দাবী/আপত্তি গ্রহণ ও দাবী/আপত্তিসমূহ ভোটকেন্দ্র স্থাপন নীতিমালা অনুযায়ী নিষ্পন্ন করে ভোটকেন্দ্রের তালিকা প্রস্তুত করা প্রয়োজন।

০২। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে প্রকাশিত ভোটকেন্দ্র স্থাপনের নীতিমালার আলোকে ভোটকেন্দ্র ও ভোটকক্ষ নির্ধারণ করত: এলাকা ভিত্তিক ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ, খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর দাবী/আপত্তি গ্রহণ ও দাবী/আপত্তিসমূহ নীতিমালা অনুযায়ী নিষ্পন্ন করে সম্ভাব্য চূড়ান্ত ভোটকেন্দ্রের তালিকা প্রস্তুত করার জন্য মাননীয় নির্বাচন কমিশন নির্দেশনা প্রদান করেছেন; যার সময়সূচী নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ক) খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রকাশ | : | ১০ সেপ্টেম্বর, ২০২৫ |
| খ) খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর দাবী/আপত্তি গ্রহণের শেষ তারিখ | : | ২৫ সেপ্টেম্বর, ২০২৫ |
| গ) প্রাপ্ত দাবী/আপত্তির নিষ্পত্তির শেষ তারিখ | : | ১২ অক্টোবর, ২০২৫ |
| ঘ) খসড়া ভোটকেন্দ্রের সম্ভাব্য তালিকা চূড়ান্তকরণ | : | ২০ অক্টোবর, ২০২৫ |

০৩। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সময়সূচী অনুযায়ী এবং ভোটকেন্দ্র স্থাপনের নীতিমালা অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করত: সংযুক্ত ছক মোতাবেক খসড়া ভোটকেন্দ্রের সংখ্যাগত তথ্য ও সম্ভাব্য চূড়ান্ত ভোটকেন্দ্রের সংখ্যাগত তথ্য (সফটকপিসহ) নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার মাধ্যমে নির্বাচন সহায়তা-১ শাখায় প্রেরণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তিঃ ভোটকেন্দ্র স্থাপনের নীতিমালা ও তথ্য প্রেরণের ছক।

২০/৮/২০২৫

**(মোঃ মাহবুব আলম শাহ্)**
উপসচিব (নিঃসঃওসঃ)
ফোন # ০২-৫৫০০৭৫৪৬

প্রাপকঃ **সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/ জেলা নির্বাচন কর্মকর্তা**
**................................ (সকল)।**

নং-১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৫-৫১৫ তারিখ: ০৪ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ১৯ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০৩. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
০৪. যুগ্মসচিব .................... (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০৬. জেলা প্রশাসক ............................ (সকল)।
০৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ............... (সকল) **[উক্ত কার্যক্রম যাতে সুষ্ঠু ও সুন্দরভাবে গ্রহণ করা হয় তা তদারকি করার জন্য এবং সিনিয়র জেলা/ জেলা নির্বাচন কর্মকর্তাদের নিকট হতে তথ্য সংগ্রহ করত: তা একীভূত করে উল্লিখিত ছকে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের জন্য অনুরোধসহ]।**
০৮. উপসচিব ............................... (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০৯. উপজেলা নির্বাহী অফিসার .................... (সকল)।
১০. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)।
১১. মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)।
১২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা ......................... (সকল)।

**(মোহাম্মদ দেলোয়ার হোসেন)**
সিনিয়র সহকারী সচিব (নিঃসঃ-১)

f:\ak nikosh\election\parlament\ত্রয়োদশ জাতীয় নির্বাচন উপলক্ষ্যে ভোটকেন্দ্র স্থাপন সংক্রান্ত.doc



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

**"ছক"**

| অঞ্চলের নাম | জেলার নাম | নির্বাচনী এলাকার নম্বর ও নাম | ভোটার সংখ্যা | | | | দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ব্যবহৃত ভোটকেন্দ্র ও কক্ষের সংখ্যা | | ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ব্যবহৃত খসড়া ভোটকেন্দ্রের তালিকা অনুযায়ী ভোটকেন্দ্র ও কক্ষের সংখ্যা | | | | অস্থায়ী ভোটকেন্দ্র ও কক্ষের সংখ্যা (যদি থাকে) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | পুরুষ | মহিলা | হিজড়া | মোট | কেন্দ্রের সংখ্যা | কক্ষের সংখ্যা | কেন্দ্রের সংখ্যা | কক্ষের সংখ্যা | | | কেন্দ্রের সংখ্যা | কক্ষের সংখ্যা |
| | | | | | | | | | | পুরুষ | মহিলা | মোট | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |

**"ছক-১"**

| অঞ্চলের নাম | জেলার নাম | নির্বাচনী এলাকার নম্বর ও নাম | ভোটার সংখ্যা | | | | দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ব্যবহৃত ভোটকেন্দ্র ও কক্ষের সংখ্যা | | ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ব্যবহৃত সম্ভাব্য চূড়ান্ত ভোটকেন্দ্রের তালিকা অনুযায়ী ভোটকেন্দ্র ও কক্ষের সংখ্যা | | | | অস্থায়ী ভোটকেন্দ্র ও কক্ষের সংখ্যা (যদি থাকে) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | পুরুষ | মহিলা | হিজড়া | মোট | কেন্দ্রের সংখ্যা | কক্ষের সংখ্যা | কেন্দ্রের সংখ্যা | কক্ষের সংখ্যা | | | কেন্দ্রের সংখ্যা | কক্ষের সংখ্যা |
| | | | | | | | | | | পুরুষ | মহিলা | মোট | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |

**(স্বাক্ষর)**
**আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা**
**........................ সংশ্লিষ্ট**

- সংলগ্নী- ৬

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর-১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-২৮৪

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩২
০৯ জুলাই ২০২৫

**বিষয়: ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত ও প্রশিক্ষণ কার্যক্রম তদারকি সংক্রান্ত কমিটি।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত, প্রশিক্ষণ ও তদারকির লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

| ক্রম | নাম ও পদবি | কমিটিতে পদবি |
|---|---|---|
| ১. | জনাব তাহমিদা আহমদ, মাননীয় নির্বাচন কমিশনার, বাংলাদেশ নির্বাচন কমিশন। | সভাপতি |
| ২. | সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ৩. | অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ৪. | মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ৫. | যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ৬. | যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ৭. | উপসচিব (নির্বাচন পরিচালনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। | সদস্য সচিব |

০২। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে কো-অপ্ট করতে পারবে।

০৩। **কমিটির কার্যপরিধি:**

ক) জাতীয় ও স্থানীয় সরকার নির্বাচনের জন্য নির্বাচনি কর্মকর্তা/ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত, তদারকি এবং প্রযোজ্য সংশোধন বিষয়াদি;
খ) যোগ্যতা, অভিজ্ঞতা ও দক্ষতার ভিত্তিতে প্রিজাইডিং, সহকারী প্রিজাইডিং ও পোলিং অফিসার নিয়োগ সংক্রান্ত কার্যাবলি তদারকি;
গ) নির্বাচনি কর্মকর্তা/ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়াদি তদারকি ও সমন্বয়; এবং
ঘ) প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি।

০৯/০৭/২০২৫
(মোঃ শাহ আলম)
উপসচিব (সংস্থাপন)

**বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জনাব তাহমিদা আহমদ, মাননীয় নির্বাচন কমিশনার, বাংলাদেশ নির্বাচন কমিশন।
২. সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৬. যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৭. উপসচিব (নির্বাচন পরিচালনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

নম্বর-১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-২৮৪

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩২
০৯ জুলাই ২০২৫

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব।
২-৫. মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য তাঁদের একান্ত সচিবগণ।
৬. সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব।

০৯/০৭/২০২৫
(মোঃ মমতাজ-আল-শিবলী)
সহকারী সচিব (সংস্থাপন-১)

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

-সংলগ্নী-৪

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.১৬.২৫-২১৩

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩২
০১ সেপ্টেম্বর ২০২৫

**বিষয়: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দায়িত্ব পালনের জন্য ভোটগ্রহণকারী কর্মকর্তার প্যানেল প্রস্তুত।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণকারী কর্মকর্তা অর্থাৎ প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার নিয়োগের নিমিত্ত প্যানেল প্রস্তুত করার লক্ষ্যে বিভিন্ন অফিস/প্রতিষ্ঠান হতে কর্মকর্তা/কর্মচারীদের তালিকা সংগ্রহ করা প্রয়োজন।

**০২। প্যানেলে অর্ন্তভুক্ত করার শর্তাবলী:** জাতীয় সংসদ নির্বাচনে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ প্রদানের লক্ষ্যে নিম্নরূপ শর্তাবলীর আলোকে প্যানেল প্রস্তুতসহ প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম সম্পাদনের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন:

**(১) প্রিজাইডিং অফিসার:**

(ক) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত অফিস ও প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির/প্রথম শ্রেণির পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা, ক্ষেত্র বিশেষে দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা;

(খ) সরকারি/সরকারি অনুদান প্রাপ্ত কলেজ/সমমানের মাদ্রাসার শিক্ষক, ক্ষেত্র বিশেষে ডেমনস্ট্রেটর/কর্মকর্তা;

(গ) রাষ্ট্রায়ত্ত ব্যাংক, বীমা, কর্পোরেশন অথবা অনুরূপ কোন প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা, ক্ষেত্রবিশেষে দ্বিতীয় শ্রেণির পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা;

(ঘ) প্রয়োজনবোধে বেসরকারি ব্যাংক, বীমা অথবা নির্ভরযোগ্য যে কোন বেসরকারি বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের সরকারি প্রতিষ্ঠানের অনুরূপ কর্মকর্তা/বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কলেজ শিক্ষক/প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক/শিক্ষক;

(ঙ) সরকারি/সরকারি অনুদান প্রাপ্ত উচ্চ বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয় সমমানের মাদ্রাসার প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক, ক্ষেত্র বিশেষে সিনিয়র শিক্ষক।

**(২) সহকারী প্রিজাইডিং অফিসার:**

(ক) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত অফিস ও প্রতিষ্ঠানের দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা/দ্বিতীয় শ্রেণির পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা, **ক্ষেত্র বিশেষে প্রথম শ্রেণির কর্মকর্তা;**

(খ) সরকারি/সরকারি অনুদান প্রাপ্ত কলেজ/সমমানের মাদ্রাসার ডেমনস্ট্রেটর/ কর্মকর্তা;

(গ) রাষ্ট্রায়ত্ত ব্যাংক, বীমা, কর্পোরেশন অথবা অনুরূপ কোন প্রতিষ্ঠানের দ্বিতীয় শ্রেণির/দ্বিতীয় শ্রেণির পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা;

(ঘ) সরকারি প্রাথমিক বিদ্যালয়/রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক;

(ঙ) প্রয়োজনবোধে বেসরকারি ব্যাংক, বীমা অথবা নির্ভরযোগ্য যে কোন বেসরকারি বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের সরকারি প্রতিষ্ঠানের অনুরূপ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কোন প্রতিষ্ঠানের দ্বিতীয় শ্রেণির/দ্বিতীয় শ্রেণির পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা;

(চ) সরকারি/সরকারি অনুদান প্রাপ্ত উচ্চ বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয়/সমমানের মাদ্রাসার প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক/সিনিয়র শিক্ষক/শিক্ষক।

e:\back_up_18_06_25\laptop_backup_10.4.25\hossain work\letter\bibdh letter.doc

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

**(৩) পোলিং অফিসারঃ**

(ক) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত অফিস ও প্রতিষ্ঠানের কর্মচারী, **ক্ষেত্র বিশেষে দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা;**

(খ) সরকারি/সরকারি অনুদান প্রাপ্ত কলেজ/সমমানের মাদ্রাসার কর্মচারী;

(গ) রাষ্ট্রায়ত্ত ব্যাংক, বীমা, কর্পোরেশন অথবা অনুরূপ কোন প্রতিষ্ঠানের কর্মচারী;

(ঘ) সরকারি প্রাথমিক বিদ্যালয়/রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক;

(ঙ) প্রয়োজন বোধে বেসরকারি ব্যাংক, বীমা অথবা নির্ভরযোগ্য যে কোন বেসরকারি অফিস/বেসরকারি বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠানের উক্তরূপ শিক্ষক/কর্মচারী;

(চ) সরকারি/সরকারি অনুদানপ্রাপ্ত উচ্চ বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয়/সমমানের মাদ্রাসার শিক্ষক/কর্মচারী।

**০৩। প্যানেল প্রস্তুতের প্রাথমিক কার্যক্রম**: সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার তাঁর আওতাধীন এলাকায় স্থাপিত সকল সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস, প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানদের নিকট হতে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার নিয়োগের উদ্দেশ্যে প্যানেল প্রস্তুতের জন্য শ্রেণি বা গ্রেডভিত্তিক কর্মকর্তা ও কর্মচারীদের তালিকা সংযুক্ত **"ছক"** মোতাবেক সরবরাহের জন্য অনুরোধ করবেন।

**০৪। কতিপয় ব্যক্তিকে প্যানেলে অন্তর্ভুক্ত না করাঃ** প্যানেল প্রস্তুতির ক্ষেত্রে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৯(১) (১খ) অনুচ্ছেদ অনুসরণ করতে হবে। তাছাড়া, যেসকল কর্মকর্তা/কর্মচারী/শিক্ষক/শিক্ষিকা সম্পর্কে সততা, দক্ষতা ও নিরপেক্ষতা নিয়ে বিতর্ক রয়েছে তাঁদেরকে ভোটগ্রহণকারী কর্মকর্তা হিসাবে নিয়োগের উদ্দেশ্যে প্যানেলভুক্ত করা যাবে না। এতদ্ব্যতীত কোন রাজনৈতিক দলের সদস্যকে কোন অবস্থাতেই প্যানেলে অন্তর্ভুক্ত করা যাবে না।

**০৫। প্যানেলে বিভিন্ন তথ্য অন্তর্ভুক্তকরণঃ** ভোটগ্রহণকারী কর্মকর্তার প্যানেল প্রস্তুত করার সময় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের কর্মদক্ষতা, সততা, সাহস এবং নিরপেক্ষতার দিকে অবশ্যই লক্ষ্য রাখতে হবে। এক্ষেত্রে যথাসম্ভব তাদের পদমর্যাদা, জ্যেষ্ঠতা, বেতনস্কেল ও মূল বেতন বিবেচনা করতে হবে। প্যানেলে অন্তর্ভুক্তির সময় প্রয়োজনে ব্যক্তিগত বিষয়াদি যেমন-তাঁর বয়স, শারীরিক ও মানসিক অবস্থা বা অন্য কোন প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করে তালিকায় চিহ্নিত করে রাখতে হবে। উল্লেখ্য যে, কোনক্রমেই চতুর্থ শ্রেণীর (জাতীয় বেতন স্কেলের গ্রেড ১৭-২০) কোন কর্মচারীকে ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেলে অর্ন্তভুক্ত করা যাবে না। তবে প্রিজাইডিং অফিসারের সহায়ক/নির্বাচন সংশ্লিষ্ট অন্যান্য দায়িত্ব প্রদানের নিমিত্ত চতুর্থ শ্রেণির কর্মচারীদের নামের তালিকা উল্লিখিত ছকে সংগ্রহ করে পৃথক প্যানেল প্রস্তুত করতে হবে।

**০৬। ভোটগ্রহণ কর্মকর্তার প্যানেলে মহিলা ভোটগ্রহণ কর্মকর্তা অন্তর্ভুক্তি:** মহিলা ভোটকেন্দ্রে ভোটগ্রহণের উদ্দেশ্যে যথাসম্ভব মহিলা সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগের জন্য প্যানেলে পর্যাপ্ত সংখ্যক মহিলা শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী অর্ন্তভুক্ত করতে হবে।

**০৭। ভোটগ্রহণ কর্মকর্তার প্যানেল চূড়ান্তকরণ:** ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার কর্তৃক বিভিন্ন অফিস/প্রতিষ্ঠান হতে শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর তালিকা সংগ্রহ করে ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল চূড়ান্ত করতে হবে। উল্লেখ্য যে, ক্রমিক ২ এ উল্লিখিত শর্তাবলী অনুসরণপূর্বক নির্ধারিত সংখ্যার চেয়ে শতকরা ১০ ভাগ অতিরিক্ত সংখ্যক প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসারের প্যানেল প্রস্তুত করতে হবে।

**০৮। নির্বাচন সংশ্লিষ্ট অন্যান্য কাজে দায়িত্ব পালনকারীদের তালিকা:** ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের প্যানেল ছাড়াও নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী, রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার এর কার্যালয়, নিয়ন্ত্রণ কক্ষ, নির্বাচনি তথ্য/ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র, ভোটকেন্দ্র বা ভোটগ্রহণের পরিবেশ-পরিস্থিতি প্রতিবেদন সংগ্রহ ও অন্যান্য কার্য সম্পাদনের জন্য একটি পৃথক প্যানেল প্রস্তুত করতে হবে।

বর্ণিতাবস্থায়, উল্লিখিত সংশোধিত নির্দেশনার আলোকে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তার প্যানেল প্রস্তুত করে নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংলগ্নী: বর্ণনা মোতাবেক

প্রাপক:

সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার (সকল)

০২.১১.২৫
(মোহাম্মদ মনির হোসেন)
উপসচিব
নির্বাচন পরিচালনা-০২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
Email: sasemc1@gmail.com

নম্বর- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.১৬.২৫-২১৩

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩২ / ০১ সেপ্টেম্বর ২০২৫

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, ..................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, ..................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৭. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, (সকল)
১১. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল)
১২. উপমহাপুলিশ পরিদর্শক,................................ (সকল রেঞ্জ)
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল) [নির্ধারিত সময়ে প্যানেল প্রস্তুত কার্যক্রম সম্পন্নের বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ]
১৬. জেলা প্রশাসক (সকল)
১৭. পুলিশ সুপার, (সকল)
১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয় এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয় এর সদয় অবগতির জন্য)।
২০. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................................ মহোদয় এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয় এর সদয় অবগতির জন্য)।
২১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)।
২২. উপজেলা নির্বাহী অফিসার, (সকল)
২৩. উপজেলা/থানা নির্বাচন অফিসার, (সকল)
২৪. অফিসার-ইন-চার্জ, (সকল থানা)

০২/১১/২০২৫
(মোঃ শহিদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০ (অফিস)
Email: sasemc1@gmail.com

## অফিসের নাম ও ঠিকানাঃ........................

## প্যানেল প্রস্তুতের জন্য ভোটগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারী/শিক্ষক/শিক্ষিকাগণের নামের তালিকা প্রেরণের ছক

"ছক"

| ক্রমিক নম্বর | কর্মকর্তা/কর্মচারী/ শিক্ষক/শিক্ষিকাগণের নাম, পদবি, কর্মস্থলের নাম এবং মোবাইল নম্বর (জ্যেষ্ঠতার ক্রমানুসারে) | জাতীয় বেতন স্কেল | গ্রেড ও মূল বেতন | জন্ম তারিখ ও বয়স | নিজ জেলা ও উপজেলা/ থানা | বাসস্থানের ঠিকানা, বিকল্প ফোন নম্বর (যদি থাকে) | জাতীয় পরিচয়পত্রের নম্বর | অভিজ্ঞতা (পূর্বে যে সকল জাতীয় সংসদ নির্বাচনে দায়িত্ব পালন করেছেন, তার সাল উল্লেখ করতে হবে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |

| | |
|---|---|
| ১। মোট কর্মরত ১ম শ্রেণির কর্মকর্তা/শিক্ষক/শিক্ষিকাগণের সংখ্যাঃ | |
| ২। মোট কর্মরত ২য় শ্রেণির কর্মকর্তা/শিক্ষক/শিক্ষিকাগণের সংখ্যাঃ | |
| ৩। মোট কর্মরত ৩য় শ্রেণির শিক্ষক/শিক্ষিকা/কর্মচারীগণের সংখ্যাঃ | |
| ৪। মোট কর্মরত ৪র্থ শ্রেণির কর্মচারীগণের সংখ্যাঃ | |
| সর্বমোট কর্মরত কর্মকর্তা/কর্মচারী/ শিক্ষক/শিক্ষিকাগণের সংখ্যাঃ | |

...........................
অফিস প্রধানের স্বাক্ষর
নাম, পদবি (সিল সহ)
ও মোবাইল নম্বর

০২.১১.২৫
মোহাম্মদ মনির হোসেন
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে)

- ৪৬ -

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

-সংলগ্নী-৫

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০২.২৫(অংশ-৩)-৩৬১

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২
১০ ডিসেম্বর ২০২৫

**বিষয়: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দায়িত্ব পালনের জন্য ভোটগ্রহণকারী কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্রস্তুতকৃত ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল হতে বেসরকারী ব্যাংকে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বাদ দিয়ে প্যানেল প্রস্তুতের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছেন। তবে, ভোটগ্রহণের জন্য পর্যাপ্ত সংখ্যক ভোটগ্রহণ কর্মকর্তা পাওয়া না গেলে বেসরকারী ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় যাচাই বাছাই করে নিয়োগ করা যাবে।

০২। বর্ণিতাবস্থায়, মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে আগামী **১৮ ডিসেম্বর ২০২৫** তারিখের মধ্যে ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল প্রস্তুতের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতি জরুরী।

১০.১২.২৫
(মোহাম্মদ মনির হোসেন)
উপসচিব
নির্বাচন পরিচালনা-০২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
Email: sasemc1@gmail.com

সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার (সকল)

নম্বর- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০২.২৫(অংশ-৩)-৩৬১

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২
১০ ডিসেম্বর ২০২৫

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, ................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, ................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৭. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, (সকল)
১১. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল)
১২. উপমহাপুলিশ পরিদর্শক,.............................. (সকল রেঞ্জ)
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল) [নির্ধারিত সময়ে প্যানেল প্রস্তুত কার্যক্রম সম্পন্নের বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ]
১৬. জেলা প্রশাসক (সকল)
১৭. পুলিশ সুপার, (সকল)
১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

e:\back_up_18_06_25\laptop_backup_10.4.25\hossain work\letter\bibdh letter.doc

১৯. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয় এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয় এর সদয় অবগতির জন্য)।

২০. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ...................................................................... মহোদয় এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয় এর সদয় অবগতির জন্য)।

২১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)।

২২. উপজেলা নির্বাহী অফিসার, (সকল)

২৩. উপজেলা/থানা নির্বাচন অফিসার, (সকল)

২৪. অফিসার-ইন-চার্জ, (সকল থানা)

১৪/১২/২০২৫

(মোঃ শহিদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০ (অফিস)
Email: sasemc1@gmail.com

e:\back_up_18_06_25\laptop_backup_10.4.25\hossain work\letter\bibdh letter.doc

সংলগ্নী-৬

## ভোটগ্রহণ কর্মকর্তার নিয়োগের উদ্দেশ্যে প্রস্তুত প্যানেলের তথ্য (১০% অতিরিক্তসহ)

অঞ্চলের নাম:..............................................

| ক্রমিক নম্বর | জেলার নাম | নির্বাচনি এলাকার নম্বর ও নাম | ভোটকেন্দ্রের সংখ্যা | ভোটকক্ষের সংখ্যা | প্রিজাইডিং অফিসার নিয়োগের জন্য প্যানেলভুক্ত কর্মকর্তা/শিক্ষকের সংখ্যা (১০% অতিরিক্তসহ) | সহকারী প্রিজাইডিং অফিসার নিয়োগের জন্য প্যানেলভুক্ত কর্মকর্তা/শিক্ষকের সংখ্যা (১০% অতিরিক্তসহ) | পোলিং অফিসার নিয়োগের জন্য প্যানেলভুক্ত কর্মকর্তা/শিক্ষক/ কর্মচারীর সংখ্যা (১০% অতিরিক্তসহ) | মোট কর্মকর্তা/ শিক্ষক/ কর্মচারীর সংখ্যা (কলাম ৬+৭+৮) | মন্তব্য (সিটি কর্পোরেশনের আওতাধীন হলে উল্লেখ করুন) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

## ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সম্ভাব্য কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা সংক্রান্ত তথ্য (৫% অতিরিক্ত সহ)

অঞ্চলের নাম:..............................................

| ক্রমিক | জেলার নাম | উপজেলার/ থানার নাম | সম্ভাব্য প্রিজাইডিং অফিসার হিসেবে মনোনীত কর্মকর্তা/ শিক্ষকের সংখ্যা (৫% অতিরিক্ত সহ) | সম্ভাব্য সহকারী প্রিজাইডিং অফিসার হিসেবে মনোনীত কর্মকর্তা/শিক্ষক/ কর্মচারীর সংখ্যা (৫% অতিরিক্ত সহ) | সম্ভাব্য পোলিং অফিসার হিসেবে মনোনীত কর্মকর্তা/শিক্ষক/ কর্মচারীর সংখ্যা (৫% অতিরিক্ত সহ) | মোট কর্মকর্তা/ শিক্ষক/ কর্মচারীর সংখ্যা (কলাম ৪+৫+৬) | মন্তব্য (সিটি কর্পোরেশনের আওতাধীন হলে উল্লেখ করুন) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

প্রাপকঃ

.........................................
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

রিটার্নিং অফিসারের নাম, স্বাক্ষর ও সিল